


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com




শুক্রবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৮৭ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ০৬ শ্রাবণ ১৪৩০ ॥ ০২ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২১ জুলাই ২০২৩



## শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশে সহশিক্ষা কার্যক্রম বাড়ানোর নির্দেশ রাষ্ট্রপতির

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশে সহশিক্ষা কার্যক্রম বাড়ানোর নির্দেশ দিয়েছেন। গতকাল বঙ্গভবনে রাষ্ট্রপতি সাথে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি একথা বলেন।



## রবিবার ইতালি যাচ্ছেন প্রধানমন্ত্রী সই হবে দুটি সমঝোতা স্মারক

**নিজস্ব প্রতিবেদক :** জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) আয়োজনে খাদ্য সম্মেলনে যোগ দিতে আগামী রবিবার (২৩ জুলাই) ইতালি সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সরকারপ্রধানের রোম সফরে দেশটির সঙ্গে দুটি ২-এর পাতায় দেখুন



## সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি রয়েছে পুলিশের

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন বলেছেন, 'সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের জন্য যে ধরনের ব্যবস্থা নেওয়া প্রয়োজন সে প্রস্তুতি পুলিশের রয়েছে। বাংলাদেশ পুলিশ শত বছরের পুরনো একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান।



## 'বিএনপি-জামায়াত জনগণের ক্ষতি করলে রেহাই পাবে না'

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশবাসীকে বিএনপি-জামায়াতের হাত থেকে রক্ষা করার আহ্বান জানিয়ে বলেছেন, তারা কেবল ধ্বংস করতে জানে, দুর্নীতি ও লুণ্ঠন করতে জানে, কিন্তু জনগণের সেবা করতে জানে না। ২০১৩-২০১৫ সময়কালে বিএনপি-জামায়াত চক্রের দ্বারা সংঘটিত সহিংসতার প্রসঙ্গ উল্লেখ করে সরকার প্রধান বলেন, 'আমরা তাদের রাজনীতি করতে বাধা দেবো না এবং করছিও না। কিন্তু, তারা আবার রেলে আগুন দিলে বা জনগণের কোনো ক্ষতি করলে রেহাই পাবে না।'

তিনি বলেন, 'তারা (বিএনপি-জামায়াত) ধ্বংস করতে জানে, কিছু তৈরি ২-এর পাতায় দেখুন

# বিদেশি কূটনীতিকরা কি করছেন?

**আন্তর্জাতিক ডেস্ক :** নির্বাচনের সময় ঘনিয়ে এলে বিদেশি কূটনীতিকরা সক্রিয় হয়ে ওঠেন। তাদের কর্মকাণ্ড রাজনৈতিক দলের মতো হয়ে যায়। যদিও শাসক দল এই শিষ্টাচার লঙ্ঘনের প্রতিবাদ করেছে, বিরোধী দলগুলি সঠিকভাবে এর জন্য তাদের কথা নিয়েছে। কখনও কখনও তাদের আরও সক্রিয় হতে অনুরোধ করা. তাদের দূতাবাসে গিয়ে কিছু জিনিসপত্র দিতেও দেখা যায়।

বিশ্লেষকরা বলছেন, ভিয়েনা কনভেনশন অনুযায়ী কিছু নিয়ম মেনে বিভিন্ন দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। যা সার্বজনীন। কিন্তু বিভিন্ন প্রভাবশালী দেশ এসব নিয়ম উপেক্ষা করে। এসব দেশের কূটনীতিকদের কার্যক্রম একটি দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের শামিল। অ্যাক্টিভিস্ট কূটনীতিকদের কাছে এটা একটা প্রশ্ন- আমেরিকায় প্রতিনিয়ত মানুষ খুন হচ্ছে। তারা কি কখনও বিবৃতি দেয়? জাতিসংঘ কি কখনো বিবৃতি দিয়েছে? আমেরিকায় মানুষ মারা যায় কেন? কেমব্রিজে ফয়সাল নামের এক বাংলাদেশি ছেলেকে হত্যা করা হয়েছে, ছেলেটির তদন্ত কতদূর এগিয়েছে তারা কি বলেন? নাকি রাষ্ট্রদূতরা একটি বিবৃতি দেওয়ার জন্য দলবদ্ধ হয়েছেন?



সাহস পায় এটাই আমাদের দোষ। আমাদের জন্য আমরা নিজেদের আত্মসম্মান নষ্ট করেছি। তাদের কোনো ব্যক্তিত্ব নেই। রাজনীতিবিদরা দেশের মর্যাদা নষ্ট করেছে। এই জিনিসগুলো দেখে আমাদের খুব খারাপ লেগেছিল এবং "তাদের এই কাজগুলো করার সাহস কিভাবে হলো?" তারা এমন বিবৃতি দেয় যেন আমাদের দেশ তাদের অধীনে চলে। আজকে আমরা যদি যুক্তরাষ্ট্রের মতো শক্তিশালী দেশ হতাম তাহলে তারা এসব করতে সাহস পেত না। বাংলাদেশে বিদেশি কূটনীতিকদের কর্মকাণ্ড স্পষ্টতই ভিয়েনা কনভেনশনের লঙ্ঘন। কূটনীতিকদের সক্রিয়তার কোনো স্থান নেই। পৃথিবীর কোনো দেশেই তারা এভাবে ব্যবহার করতে পারে না এবং করতে পারে না। হয়তো তারা আফ্রিকায় করে, আমি নিশ্চিতভাবে জানি না। আগে তারা সেখানে উপনিবেশ স্থাপন করেছিল, লুণ্ঠন করেছিল। শ্বেতাঙ্গ ইউরোপীয়রা আফ্রিকা লুট করে। এখন লুট করতে না পারলেও তারা দেখাতে চায় যে তারা আমাদের চেয়ে ভালো। বিদেশি কূটনীতিকরা এখানে যা করছেন বা বলছেন, তাদের উচিত নয়। আমরা অত্যন্ত সতর্ক এবং কূটনীতিকরা 'অহস্তক্ষেপ' নীতি বজায় রাখার নৈতিক বাধ্যবাধকতা ২-এর পাতায় দেখুন

তুমি তাদের জিজ্ঞেস করো না কেন?'

**বাংলাদেশের কূটনীতিকরা ভিয়েনা কনভেনশনকে গুরুত্ব দিচ্ছেন না**

বাংলাদেশে বিভিন্ন দেশের কূটনীতিকরা যে কার্যক্রম পরিচালনা করছেন তা ভিয়েনা কনভেনশনের আওতায় পড়ে না। তাদের কার্যক্রম ভিয়েনা কনভেনশনের মধ্যে নেই। তারা বাংলাদেশে তাদের কর্মকাণ্ডে কোনো কনভেনশন মানে না। ফ্রান্সে যেখানে আন্দোলন চলছে সেখানে বাংলাদেশের একটি দূতাবাস রয়েছে। তবে তারা কোনো বক্তব্য দেননি। আমি একটা জিনিস বুঝতে পারছি না, কত মানুষ প্রাণ হারিয়েছে, কত মানুষকে গ্রেফতার করা হয়েছে, কী ভয়াবহ অবস্থা, কোনো দূতাবাসের কোনো বক্তব্য নেই। তাদের অভ্যন্তরীণ বিষয়ে আমরা কখনো কোনো বিবৃতি দিইনি। এমনকি মার্কিন ও ইউরোপীয় দূতাবাসও ফরাসি ঘটনার বিষয়ে কোনো বিবৃতি দেয়নি।

কিন্তু বাংলাদেশের ক্ষেত্রে কেন এমন হচ্ছে, আমরা তাদের (বিদেশি কূটনীতিকদের) মাথায় নাচছি। তারা এই কাজগুলো করতে

## এক দিনে কাদের-ফখরুলের সঙ্গে ব্রিটিশ হাইকমিশনারের বৈঠক

**নিজস্ব প্রতিবেদক :** এক দিনে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে বৈঠক করলেন ঢাকায় নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক। যুক্তরাজ্যের ঢাকা দূতাবাস গতকাল বৃহস্পতিবার এক টুইটে এ তথ্য জানিয়েছে।

টুইটে বলা হয়েছে, ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক আজ আওয়ামী লীগ ও বিএনপির জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে বৈঠক করেছেন। এসব বৈঠকে তাঁরা যুক্তরাজ্য-বাংলাদেশের সম্পর্ক এবং বাংলাদেশের আগামী জাতীয় নির্বাচন নিয়ে আলোচনা করেছেন। যুক্তরাজ্য ২-এর পাতায় দেখুন

## ঘুষ গ্রহণ ও দুর্নীতির অভিযোগে দুদকের দুই কর্মকর্তা বরখাস্ত!

**নিজস্ব প্রতিবেদক :** ঘুষ গ্রহণ ও দুর্নীতির অভিযোগে সহকারী পরিচালক ও উপ-সহকারী পরিচালক পদমর্যাদার দুই কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সাময়িক বরখাস্ত হওয়া কর্মকর্তারা হলেন- সহকারী পরিচালক মোস্তাফিজুর রহমান ও উপ-সহকারী পরিচালক সুদীপ কুমার চৌধুরী।

গতাকল বৃহস্পতিবার দুদক চেয়ারম্যান মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহর সই করা আদেশ সূত্রে এ তথ্য জানা গেছে। গত ১২ জুলাই এ দুই কর্মকর্তাকে নিজ কর্মস্থল থেকে প্রত্যাহার করে দুদকের প্রধান কার্যালয়ে সংযুক্ত করা হয়েছিল। সাময়িক ২-এর পাতায় দেখুন

## হাইকমিশনারকে কাদেরের প্রশ্ন, নির্বাচনের সময় ব্রিটিশ প্রধানমন্ত্রী কি পদত্যাগ করেন



**নিজস্ব প্রতিবেদক :** যুক্তরাজ্যের নির্বাচন পদ্ধতি নিয়ে ব্রিটিশ হাইকমিশনার সারাহ ক্যাথেরিন কুকের কাছে জানতে চেয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি হাইকমিশনারের কাছে জানতে চান, নির্বাচনের সময় তাদের দেশে প্রধানমন্ত্রী পদত্যাগ করেন কিনা, কিংবা পার্লামেন্ট বিলুপ্ত হয় কিনা। ওবায়দুল কাদের বলেন, 'আপনাদের (ব্রিটেন) নির্বাচন কেমন হয়, প্রধানমন্ত্রী কি পদত্যাগ করেন এবং হাউস অব কমন্স কি বিলুপ্ত হয়?' বৃহস্পতিবার (২০ জুলাই) রাজধানীর বনানীতে সেতু ভবনে সারাহ কুকের সঙ্গে বৈঠকে এ প্রশ্ন করেন ওবায়দুল কাদের। সংবাদ সম্মেলনে বৈঠকের বিষয়বস্তু সম্পর্কে ওবায়দুল ২-এর পাতায় দেখুন

## কূটনীতিকদের ভিয়েনা কনভেনশন মেনে চলার আহবান তথ্যমন্ত্রীর



**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'সম্প্রতি ১৩টি দেশের রাষ্ট্রদূতরা যেভাবে বিবৃতি দিয়েছেন, রাজনৈতিক দলের মতো এমন জোটবদ্ধ হয়ে বিবৃতি দেওয়া রাষ্ট্রদূতদের আচরণবিধির যে ভিয়েনা কনভেনশন আছে সেটির সুস্পষ্ট লঙ্ঘন। আমি বন্ধু রাষ্ট্রগুলোকে অনুরোধ জানাবো ভিয়েনা কনভেনশন মেনে চলার জন্য।' গতকাল বৃহস্পতিবার দুপুরে সচিবালয়ে বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) প্রকাশিত 'সাংবাদিকের স্মৃতিভাষ্যে বঙ্গবন্ধু' সংকলন গ্রন্থের মোড়ক উন্মোচন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন তিনি। সাংবাদিকরা ২-এর পাতায় দেখুন

## জনগণের প্রত্যাশা পূরণে স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ অত্যাবশ্যক : যশোরে প্রধান তথ্য কমিশনার

**নিজস্ব প্রতিবেকদ :** প্রধান তথ্য কমিশনার ডক্টর আবদুল মালেক বলেছেন, জনগণের প্রত্যাশা পূরণকল্পে স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ কার্যক্রম অত্যাবশ্যক।

তিনি বলেন, 'জনগণের তথ্য অধিকার প্রাপ্তি নিশ্চিত করতে ২০০৯ সালের এপ্রিল মাসে তথ্য অধিকার আইন সংসদে পাস করা হয়। সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতার অন্যতম হাতিয়ার হিসেবে তথ্য অধিকার আইনের প্রয়োগ সুফল বয়ে আনবে। সরকারি অফিস, দপ্তর, সংস্থার পাশাপাশি বিদেশী অর্থপুষ্ট এনজিওসমূহের যাবতীয় তথ্যাদি সহজলভ্য ও সকলের ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় ক্যান্সার আক্রান্ত রোগীর পাশে এম এ রাজ্জাক খান



নিজস্ব প্রতিবেদক : চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার বড়গাংনী ইউনিয়নের মুশাইননগর জামে মসজিদ পাড়ার আব্দুল মজিদের মেয়ে মিতা খাতুন দীর্ঘ ৪ বছর ধরে মরণব্যাধী ক্যান্সার রোগে আক্রান্ত। অভাব অনটনের সংসারে ঠিক মত চিকিৎসা করাতে পারছে না আব্দুল মজিদ। মেয়েটি ও তার পরিবারের এমন দুর্দশার কথা শুনে সেখানে ছুটে যান মিনিস্টার মাই ওয়ান গ্রুপের চেয়ারম্যান, বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী লীগের অর্থ ও পরিকল্পনা উপ-কমিটির সদস্য, এফ বি সি সি আই'র সহ-সভাপতি এম এ রাজ্জাক খান রাজ। গতকাল তিনি নিজে মজিদের বাড়িতে গিয়ে মেয়েটির খোঁজ খবর নেন। সেই সাথে মেয়েটির চিকিৎসা করার জন্য আর্থিক সহযোগিতা করেন। সেসময় এম এ ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে জেলা প্রশাসকের সাথে এনসিটিএফ এর অবহিতকরন সভা

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা ২০১৩-২০২৫ বাস্তবায়নে জেলা এনসিটিএফ এর করণীয় শীর্ষক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা বারোটার দিকে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। অবহিতকরণ সভায় মেহেরপুর জেলা এনসিটিএফ এর সভাপতি ফাহিম মুনতাসীর নাবিল এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক ২-এর পাতায় দেখুন

## শৈলকুপার আবাইপুর ইউনিয়নের চেয়ারম্যান'র সমর্থকদের হামলায় আহত হিন্দু পরিবারের পাশে দাড়ালেন আব্দুল হাই এমপি



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার আবাইপুর ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান হেলাল বিশ্বাস'র সমর্থকদের হামলায় আবাইপুর গ""ামের একই পরিবারের চারজন হিন্দু গুরুতর আহত হয়েছে। এই ঘটনার পর ওই গ্রামের হিন্দু পরিবার গুলো চরম নিরাপত্তা হীনতাই ভুগছে। হামলার সময় জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ শৈলকুপা আসনের সংসদ সদস্য আব্দুল হাই ঢাকায় অবস""ান করছিলেন। বৃহস্পতিবার সকালে ঝিনাইদহে আসার পর দলীয় নেতা কর্মীদের নিয়ে ছুটে যান আবাইপুর গ""ামে হামলার শিকার হিন্দু পরিবারের বাড়িতে। এসময় আব্দুল হাই বলেন, আমার শৈলকুপায় যারা অশান্তি করার চেষ্টা করছে ২-এর পাতায় দেখুন



## আলমডাঙ্গায় ঐতিহ্যবাহী মহানামযজ্ঞ অনুষ্ঠান পরিদর্শনে প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য

**আলমডাঙ্গা অফিস ঃ** প্রতিবারের ন্যায় এবারও আলমডাঙ্গায় অনুষ্ঠিত হচ্ছে ৯০তম বার্ষিক ৪৮ প্রহর ব্যাপি অখন্ড শ্রী শ্রী তারক ব্রহ্ম মহানামযজ্ঞ অনুষ্ঠান পরিদর্শন করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্বপন ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় মুক্তিযোদ্ধার সন্তানদের আমরণ অনশন ভাঙ্গালেন জেলা প্রশাসন



**নিজস্ব প্রতিবেদক :** ৪৮ ঘন্টা পর মুক্তিযোদ্ধার সন্তানদের আমরণ অনশন ভাঙ্গালেন জেলা প্রশাসন। বৃহস্পতিবার বেলা ১১টায় জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান জুস খাওয়ানোর মধ্যদিয়ে অনশন ভাঙ্গান। এ সময় জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান বলেন, আমাদের ২ মাস সময় দেন। এর মধ্যে চুয়াডাঙ্গায় সদর হাসপাতাল পূর্ণাঙ্গরুপে চালু হবে। অনশন ভাঙ্গানোর সময় পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, সিভিল সার্জন সাজ্জাৎ হাসান, হাসপাতালের তত্বাবধায়ক ডা. আতাউর রহমান, উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস ও উপজেলা নিরআবহী অফিসার শামীম ভুইয়া উপস্থিত ছিলেন। ১৮ জুলাই চুয়াডাঙ্গা সদর হাসপাতাল গেটের সামনে মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কমান্ডের আয়োজনে আমরণ অনশন শুরু করে আন্দোলনকারীরা। পরে আজ প্রশাসনের আশ্বাসে অনশন ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

## ঝিনাইদহে পাটের ফলনেও পানি না থাকায় চিন্তিত কৃষক



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে এ বছর পাটের সোনালী আশ ঘরে তোলা নিয়ে চিন্তিত কৃষক। পুকুর, জলাশল, খাল-বিল আর জিকে সেচ খালে পানি না থাকায় পাট জাগ দেওয়া নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন কৃষকরা। বাড়তি টাকা খরচ করে পুকুর বা জলাশয়ে সেচ দিয়ে অনেকে পাট পচাচ্ছেন। এতে বাড়ছে উৎপাদন খরচ।

ঝিনাইদহ জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দেওয়া তথ্য মতে, এ বছর জেলার ৬ উপজেলায় ২২ হাজার ৫'শ ২৪ হেক্টর জমিতে পাটের আবাদ হয়েছে। ফলন ভালো হলেও পানি না থাকায় অনেকেই পাট জাগ দিতে পারছেন না। তাই জমি থেকে পাট কাটছেন না।

শৈলকুপা উপজেলার গাবলা গ্রামের কৃষক মঞ্জুর আলী বলেন, গত বছর পানির কারণে পাট নিয়ে খুব ঝামেলায় ছিলাম। একটা পুকুরে জাগ দিয়ে পানি দিতে দিতে অনেক খরচ হয়ে গেছিলো। তাই ওই ২-এর পাতায় দেখুন



## মহেশপুরে চোরাই ভাবে বিদ্যুতের লাইন নেওয়া সেই সেচ পাম্পের তার খুলে নিয়ে গেলো বিদ্যুৎ অফিস

**নিজস্ব প্রতিবেদক :** এক লাইসেন্সে দু'টি সেচ পাম্প চলছে চোরাই ভাবে বিদ্যুৎ সংযোগ নিয়ে। এ সংবাদ সংগ্রহ করতে গেলে সংবাদিক মোঃ আজাদকে লাঞ্ছিত করে ক্যামেরা ও মোবাইল ফোন সিনিয়ে নেওয়া চেষ্টা করে চোরাই ভবে বিদ্যুৎ নেওয়া সাইফুল ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh · e-paper.eaiamardesh.com · www.eaiamardesh.com

শুক্রবার ২১ জুলাই ২০২৩

# কোনো হাসপাতাল থেকে ডেঙ্গু রোগীকে ফিরিয়ে দিলে ব্যবস্থা

## স্বাস্থ্য অধিদপ্তর

**নিজস্ব প্রতিবেদক :** কোনো হাসপাতাল থেকে ডেঙ্গু রোগীকে ফিরিয়ে দিলে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশিদ আলম। বৃহস্পতিবার (২০ জুলাই) দুপুরে রাজধানীর তেজগাঁওয়ের এফডিসিতে ডেঙ্গু প্রতিরোধে নাগরিক সচেতনতা নিয়ে ছায়া সংসদ বিষয়ক ইউসিবি পাবলিক পার্লামেন্ট বিতর্ক প্রতিযোগিতায় সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি এ কথা বলেন।



বর্তমান ডেঙ্গু পরিস্থিতি মহামারি আকার নিয়েছে কিনা জানতে চাইলে অধ্যাপক ডা. আবুল বাশার খুরশিদ আলম বলেন, মহামারীর একটা ব্যাখ্যা রয়েছে। সেটার সাথে বর্তমান ডেঙ্গুর অবস্থা যায় না বলেই আমি জানি। তবে এ বিষয়ে জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা ভালো বলতে পারবেন। আমি এই প্রশ্নটা তাদের কাছেই রাখবো।

ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে জরুরি অবস্থা জারির পরিস্থিতি প্রয়োজন রয়েছে কিনা জানতে চাইলে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক বলেন, আপনারা দেখেছেন করোনার সময় জরুরি অবস্থা বা লকডাউন যখন ছিল, তখন জনজীবনের কি অবস্থা হয়েছিল। প্রধানমন্ত্রী যখন বললেন লকডাউন এবং কাজ দুটোই চালাতে হবে। যার কারণে আমাদের অর্থনৈতিক ২-এর পাতায় দেখুন

## খুলনায় স্কুলছাত্রীর রহস্যজনক মৃত্যু, সন্দেহের তীর সৎ বাবা

**নিজস্ব প্রতিবেদক :** খুলনায় স্কুলছাত্রী সাবরিনা ইসলাম বেলা ওরফে মাহির মৃত্যু নিয়ে রহস্যের সৃষ্টি হয়েছে ।নিহতের পরিবারের দাবি, মেয়েটি সৎ পিতার লালসার শিকার হয়েছে। তাঁকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে। তবে পুলিশ বলেছে, প্রাথমিকভাবে বিষয়টি আত্মহত্যা বলে ধারণা করা হচ্ছে। সোনাডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বৃহস্পতিবার ( ২০ জুলাই) ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

মৃত স্কুল ছাত্রীর বাবা মিলন মল্লিক টনি গোবরচাকা গাবতলা এলাকার বাসিন্দা। তিনি একজন পাখি ব্যবসায়ী। বাবা মিলন মল্লিক টনি জানান, বছর ১৫ আগে গোবরচাকা গাবতলা এলাকার আব্দুল রাজ্জাকের মেয়ে ফারজানা ইয়াসমিন বেলীর সঙ্গে তাঁর বিয়ে হয়। পরে মেয়ে বেলার জন্ম হয়। একাধিক ব্যক্তির সাথে স্ত্রী বেলীর সম্পর্ক ছিল। একাধিকবার স্থানীয়ভাবে তাদের শালিস হয়েছে। সর্বশেষ তিন বছর পূর্বে তাদের সম্পর্কের ইতি ঘটে । পরে রিজভী নামে এক ব্যক্তির সাথে বেলীর বিয়ে হয়। মেয়ে বেলা তার মায়ের সাথে থাকত। কিন্তু বাবা ও কন্যার সম্পর্ক মধুর ছিল।

তিনি ঘটনার বর্ণনা দিতে গিয়ে বলেন, সোমবার (১৭ জুলাই) দুপুর সাড় ১২ টার দিকে বৃষ্টিতে ভিজে আমার মেয়ে বাড়িতে যায়। দুপুর ২টার দিকে আমার সাবেক স্ত্রী ফারজানা ইয়াসমিন বেলী তাকে ৫/৬ বার ফোন করে। কিন্তু সে ফোন রিসিভ করেননি।

# উদ্দেশ্য প্রণোদিত সংবাদ প্রকাশ ও মামলা করে হয়রানির অভিযোগ

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামের আজগর আলী ও মনজুর ইসলাম নামের দুই ব্যক্তির বিরুদ্ধে উদ্দেশ্য প্রণোদিত সংবাদ প্রকাশ ও হয়রানি-নমূলক মামলার অভিযোগ উঠেছে। এই ঘটনার প্রতিবাদে ফুষে উঠেছেন এলাকাবাসী। নিজের জমি চাষ উপযোগী করতে গিয়ে সংবাদ প্রকাশ করে রীতিমতো মাটি খেকোর খেতাব নিতে হয়েছে জমি মালিক আজগর আলি ও ব্যবসায়ী মনজুর ইসলামকে। এঘটনায় গত ১৯ জুলাই স্থানীয় মেহেরপুর প্রতিদিন পত্রিকায় "মেহেরপুরের খোকসাতে সরকারি জমিতে মাটি কাটার অভিযোগ" শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। সংবাদে ২-এর পাতায় দেখুন



## বিশ্ব ঐতিহ্য ষাটগম্বুজ মসজিদ ও বাগেরহাট জাদুঘরে প্রবেশ ফি বাড়ল

**বাগেরহাট প্রতিনিধি :** বিশ্ব ঐতিহ্য ষাটগম্বুজ মসজিদ ও বাগেরহাট জাদুঘরে প্রবেশ ফি বাড়িয়েছে কর্তৃপক্ষ। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক চন্দন কুমার দে স্বাক্ষরিত এক কার্য বিবরণীতে এই আদেশ দেওয়া হয়েছে।

ওই আদেশ অনুযায়ী, ষাটগম্বুজ মসজিদে দেশি দেশি পর্যটকদের জন্য প্রবেশ ফি ৩০ টাকা করা হয়েছে, যা আগে ছিল ২০ টাকা। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের জন্য প্রবেশ ফি করা হয়েছে ১০ টাকা, যা আগে ছিল মাত্র ৫ টাকা। বিদেশি পর্যটকদের জন্য প্রবেশ ফি করা হয়েছে ৫০০ টাকা, যা আগে ছিল ২০০ টাকা। সার্কভুক্ত দেশগুলোর বিদেশি পর্যটকদের জন্য প্রবেশ ফি করা হয়েছে ২০০ টাকা, যা আগে ছিল ১০০ টাকা। তবে শিশু থেকে প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত শিক্ষার্থীদের বিনামূল্যে ষাটগম্বুজ মসজিদে প্রবেশের সুযোগ রাখা হয়েছে। শুধু ২-এর পাতায় দেখুন

## তত্বাবধায়ক সরকারের দাবীতে চুয়াডাঙ্গা জেলা বিএনপির পদযাত্রা

**নিজস্ব প্রতিবেদক :** নির্দলীয় নিরপেক্ষ তত্বাবধায়ক সরকারের অধীনে অবাধ সুষ্ঠু নিরপেক্ষ জাতীয় সংসদ নির্বাচন ও শেখ হাসিনার পদত্যাগের দাবীতে চুয়াডাঙ্গা জেলা বিএনপির সহস্রাধিক নেতাকর্মী শান্তিপূর্ণ পদযাত্রা করেছে।

গতকাল বুধবার বেলা ১২ টায় পুলিশের কড়া নিরাপত্তার মধ্য দিয়ে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক মাহমুদ হাসান খান বাবু ও ২-এর পাতায় দেখুন



## রাজবাড়ীতে হেলিকপ্টারে বিয়ে করে বাবা মার ইচ্ছা পূরণ করলেন সৌদি প্রবাসী ইউসুফ

**বসির আহাম্মেদ :** রাজবাড়ীতে হেলিকপ্টারে বিয়ে করে বাবা মার ইচ্ছা পূরণ করলেন সৌদি প্রবাসী ইউসুফ আলী মোল্লা। বাবা মার ইচ্ছা ছিল ছেলেকে হেলিকপ্টারে বিয়ে করিয়ে নববধূকে ঘরে তুলে আনবেন। তাই রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার ইসলামপুর ইউনিয়নের সমীর হোসেন মোল্লা ও তার স্ত্রীর সৌদি প্রবাসী ছেলে ইউসুফ আলী মোল্লাকে দিয়ে এই স্বপ্ন পূরণ করলেন। বুধবার দুপুরে জেলার বালিয়াকান্দি উপজেলার ইসলামপুর ইউনিয়নের কাউনাইর গ্রামের ব্যবসায়ী সমীর উদ্দিন মোল্লার সৌদি প্রবাসী ছেলে ইউসুফ আলী মোল্লা নিজের ইচ্ছার সঙ্গে ২-এর পাতায় দেখুন

# সরিষাবাড়ীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ বিনির্মানে মতবিনিময় সভা

মাজহারুল ইসলাম শাওন , সরিষাবাড়ী (জামালপুর)- প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ বিনির্মানে জামালপুরের সরিষাবাড়ীতে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২০ জুলাই) বিকাল ৪ টায় উপজেলার ২ নং পোগলদিঘা ইউনিয়নের সর্বস্তরের জনগণের আয়োজনে আমতলা গেন্দারপাড়ায় এ সভা অনুষ্ঠিত হয়। সভায় ৩ সহস্রাধিক নেতাকর্মীরা অংশ নেয়।



মো: জামাল উদ্দিন বিএসসির সভাপতিত্বে জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদ হোসেনের সঞ্চালনায় উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ সভাপতি ১৪১ জামালপুর সরিষাবাড়ী আসনের দলীয় মনোনয়ন প্রত্যাশী প্রকৌশলী মাহবুবুর রহমান হেলাল প্রধান অতিথির প্রমুখ বক্তব্য রাখেন। এ ছাড়াও পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজু, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক মামুন অর রশীদ, যুগ্ম সাধারণ মো: স্বপন, উপজেলা মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের সাধারণ সম্পাদক মঞ্জুরুল ইসলাম বিদ্যুৎ, ১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মোখলেছুর রহমান প্রমুখ বক্তব্য রাখেন।

এ সময় উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সভাপতি জাহাঙ্গীর আলম, সহ সভাপতি মাহবুবুল আলম মঞ্জু, উপজেলা ছাত্রলীগের উপ দপ্তর সম্পাদক ইয়াসিন আলম শিপন, পোগলদিঘা ইউনিয়ন আওয়ামীলীগের ২-এর পাতায় দেখুন

## মানবতাবিরোধী অপরাধে পিরোজপুরের চারজনের মৃত্যুদণ্ড

**নিজস্ব প্রতিবেদক :** একাত্তরে মানবতাবিরোধী অপরাধের দায়ে পিরোজপুরের ভান্ডারিয়ার আব্দুল মান্নানসহ ৪ রাজাকারের ফাঁসির রায় দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

গতকাল বৃহস্পতিবার ট্রাইব্যুনালের চেয়ারম্যান মো. শাহিনুর ইসলামের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এ রায় দেন।

মৃত্যুদণ্ডপ্রাপ্তরা হলেন- ভান্ডারিয়া উপজেলার হেতালিয়া এলাকার আব্দুল মান্নান হাওলাদার ওরফে আ. মান্নান ডিলার ওরফে মান্নাফ, একই এলাকার আশ্রাব আলী ওরফে আশরাফ আলী হাওলাদার, চরখালী এলাকার মো. মহারাজ হাওলাদার ওরফে হাতকাটা মহারাজ (জামিনে) এবং ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে ব্লক ও বাটিকের ৫ দিন ব্যপি প্রশিক্ষণ কর্মশালার সমাপনী

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে ব্লক ও বাটিকের উপর ৫ দিন ব্যপি প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে শহরের মর্ডান মোড়ে ওয়েব'র উদ্যোগে এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে শেল্টার সমাজ কল্যাণ সংস্থা। এতে শেল্টার সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক রোমেনা বেগমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর কাউন্সিলর লিয়াকত হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েব'র ২-এর পাতায় দেখুন

# বেনাপোল দিয়ে ভারত থেকে দেশে ফিরলেন ৪০ নারী ও শিশু

**এস আর নিরব, যশোর :** দীর্ঘ ২ থেকে ১০ বছর সাজাভোগ শেষে বেনাপোল দিয়ে দেশে ফিরেছেন ভারতে পাচার হওয়া ৪০ বাংলাদেশি নারী ও শিশু। বিশেষ ট্রাভেল পারমিটের মাধ্যমে আজ বৃহস্পতিবার (২০ জুলাই) বিকাল ৫টার দিকে বেনাপোল চেকপোস্ট দিয়ে দেশে ফিরেছেন তারা। ভারতের পেট্রাপোল ইমিগ্রেশন পুলিশ বেনাপোল চেকপোস্ট ইমিগ্রেশন পুলিশের কাছে তাদের হস্তান্তর করেন। ফেরত আসাদের মধ্যে ২০ নারী ও ২০ শিশু রয়েছে। সাজাভোগের পর পশ্চিমবঙ্গের ১২টি শেল্টার হোমের হেফাজতে ছিলো এরা। ফেরত আসা জুলেখা খাতুন বলেন, আমরা দালালদের মাধ্যমে বিভিন্ন সীমান্ত পথে ভালো কাজের আশায় ভারতে পাড়ি জমাই। এরপর বাসাবাড়িতে কাজ করার সময় ভারতীয় পুলিশের হাতে আটক হয়ে আদালতের ২-এর পাতায় দেখুন





## বাগেরহাটে অপরাজিতা টেওয়র্কের কমিটি গঠন

বাগেরহাট প্রতিনিধি : বাগেরহাটে এ্যাডভোকেট শরীফা খানম সভাপতি ও রিজিয়া পারভীনকে সাধারন সম্পাদক করে অপরাজিতা টেওয়ার্ক এর কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে বাগেরহাট জেলা মহিলা আওয়ামী লীগ এর সভাপতি ও বাংলাদেশ মহিলা পরিষদ বাগেরহাট জেলা শাখার সভাপতি এ্যাডভোকেট সীতা রানী ২-এর পাতায় দেখুন

# বাগেরহাটে প্রকৌশলীকে মারধরের ঘটনার গ্রেফতার দাবীতে মানববন্ধন

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাট শহরে পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) উপবিভাগীয় প্রকৌশলী মুহাম্মদ আবু হানিফকে তাঁর কার্যালয়ে ঢুকে মারপিট করে তুলে নিয়ে যাবার ঘটনায় দায়েরকৃত মামলার আসামীদের দ্রুত গ্রেফতার দাবীতে মানববন্ধন করেছে বাগেরহাট জেলা ইনস্টিটিউশন অফ ডিপোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি)। বৃহস্পতিবার বিকালে বাগেরহাট প্রেসক্লাবের সামনে এই মানববন্ধন কর্মসূচি পালিত হয়। মানববন্ধন শেষে তারা প্রধানমন্ত্রী বরাবরে বাগেরহাটের জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুর রহমানের কাছে স্মারকলীপি ২-এর পাতায় দেখুন



## সোনালী ব্যাংকের সাবেক এমডিসহ ৮ জনের কারাদণ্ড

**নিজস্ব প্রতিবেদক :** ঋণ জালিয়াতির মাধ্যমে সোনালী ব্যাংকের টাকা আত্মসাতের দায়ে ব্যাংকটির সাবেক ব্যবস্থাপনা পরিচালকসহ (এমডি) ৮ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার (২০ জুলাই) ঢাকার বিশেষ দায়রা জজ আদালত-৫ এর বিচারক মো. ইকবাল হোসেনের আদালত এ রায় দেন।

দণ্ডিত ৮ আসামি হলেন-ব্যাংকের সাবেক এমডি হুমায়ুন কবির, উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) মাইনুল হক, জিএম ননী গোপাল নাথ, এজিএম সাইফুল হাসান ও কামরুল হোসেন খান, ডিজিএম সফিজ উদ্দিন আহমেদ, প্যারাগন প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং লিমিটেডের এমডি সাইফুল ইসলাম রাজা ও পরিচালক আব্দুল্লাহ আল মামুন।

এদের মধ্যে হুমায়ন কবির, ননী গোপাল, সাইফুল হাসান, সাইফুল ইসলাম রাজা ও আব্দুল্লাহ আল মামুনকে পৃথক দুই ধারায় ১৭ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। অর্থ আত্মসাতের দায়ে তাদের প্রত্যেককে ১০ বছর করে সশ্রম কারাদণ্ড এবং দুই কোটি ১৬ লাখ ৪৮ হাজার ১০৩ টাকা অর্থদণ্ড করা হয়েছে। যা প্রত্যেকের কাছ থেকে সমহারে রাষ্ট্রের অনুকূলে আদায়যোগ্য হবে। এছাড়া প্রতারণার দায়ে তাদের আরও সাত বছরের সশ্রম কারাদণ্ড, ৫০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে তাদের আরও তিন মাস বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।




## গাংনীতে টিসিবি'র চাউল ওজনে কম দেওয়ার অভিযোগ

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নে টিসিবি চাউল বিক্রিতে ওজনে কম দেওয়া হচ্ছে। পাঁচ কেজি চাউল কেনার পর ওজন করে তা দাঁড়াচ্ছে সাড়ে চার কেজিতে। এঘটনায় টিসিবি ডিলারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি করেছেন ভুক্তভোগীরা। বৃহস্পতিবার সকাল নয়টা থেকে ধানখোলা ইউনিয়ন পরিষদে অত্র ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত ডিলারের মাধ্যমে টিসিবির চাউল ও অন্যান্য পণ্য বিক্রি শুরু হয়। বিষয়টি নিয়ে স্থানীয় কিছু মানুষ প্রতিবাদ জানায়। এসময় ধানখোলা ইউনিয়ন পরিষদের ভেতরে অবস্থান নেওয়া ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন :** ০১৯৬৯৮৩১৯১৮




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### শিক্ষক আন্দোলন

## দ্রুত সমাধানে উদ্যোগ নিন

বেসরকারি মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ, শতভাগ উৎসবভাতা দেয়া ও ন্যায্য বাড়ি ভাড়ার দাবিতে বাংলাদেশ শিক্ষক সমিতির (বিটিএ) ডাকে গত ১১ জুলাই থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান ধর্মঘট পালন করছেন সারাদেশের বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা। গত সোমবার সকালে আন্দোলনরত শিক্ষকরা প্রেস ক্লাবের সামনের রাস্তা অবরোধ করে কর্মসূচি শুরু করেন। ফলে এই রাস্তা দিয়ে যান চলাচল পুরোপুরি বন্ধ হয়ে যায়। পরে দুপুর ১টায় শিক্ষকদের ছত্রভঙ্গের চেষ্টা করে পুলিশ। এ সময় আন্দোলনরত শিক্ষকদের ওপর পুলিশের লাঠিচার্জের অভিযোগ তোলেন কয়েকজন শিক্ষক। শিক্ষকদের অভিযোগ, শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালনকালে লাঠিচার্জ করেছে পুলিশ। এতে অর্ধশত শিক্ষক আহত হয়েছেন। ওইদিন বিকালে আন্দোলনরত শিক্ষক নেতাদের সঙ্গে আলোচনায় বসে মাউশি কর্তৃপক্ষ। টানা আড়াই ঘণ্টার বৈঠকে শিক্ষক প্রতিনিধিদের দাবির বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করা এবং আলোচনা করে সমাধানের আশ্বাস দেন মাউশি মহাপরিচালক। এ সময় চলমান আন্দোলন স্থগিতের জন্য শিক্ষক নেতাদের অনুরোধ জানানো হয়। আন্দোলন চলাকালে গত মঙ্গলবার করোনায় শিখন ঘাটতি রোধে শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিতে নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)। মাউশির কড়া নির্দেশনার পরও মাঠ ছাড়েননি শিক্ষকরা। দাবি আদায় এবং চূড়ান্ত ঘোষণা না আসা পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি। আমরা অতীতেও দেখেছি নানা দাবিতে শিক্ষকদের নানা অংশকে নানা কর্মসূচি নিয়ে মাঠে থাকতে। বাস্তবতা হলো দেশের শিক্ষক মহলে নানারকম বৈষম্য, জটিলতা, অসন্তোষ বিদ্যমান। ফলে শিক্ষা খাতে একটা অস্থিরতা চলছে, এর ভুক্তভোগী শিক্ষার্থীরাও। এসব নিয়ে জনসাধারণের মধ্যেও উৎকণ্ঠা রয়েছে। লাগাতার কর্মসূচির ফলে মঙ্গলবারও প্রেস ক্লাব এলাকায় যান চলাচল বন্ধ থাকে। এতে ওই এলাকায় মানুষের দুর্ভোগ পোহাতে হয়। জাতীয় প্রেস ক্লাবের সামনে অস্থায়ী মঞ্চে বাংলাদেশ শিক্ষক সমিতির নেতারা ছাড়াও দেশের বিভিন্ন অঞ্চল থেকে আসা শিক্ষক নেতারা দাবি আদায়ে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করছেন। সারাদেশে বেসরকারি মাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা ২০ হাজারের মতো। সরকারি-বেসরকারি মিলিয়ে মাধ্যমিকে মোট শিক্ষার্থী ১ কোটি ১ লাখ ৯০ হাজারের মতো। বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের অধিকাংশই এমপিওভুক্ত। এসব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক সরকার থেকে বেতন-ভাতার মূল অংশ অর্থাৎ এমপিও (মান্থলি পেমেন্ট অর্ডার) পান। এসব প্রতিষ্ঠানই জাতীয়করণের দাবি জানিয়ে আসছেন শিক্ষক-কর্মচারীরা। এ সমস্যা সমাধানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবিলম্বে উদ্যোগ নেয়া জরুরি বলে মনে করি। এভাবে দিনের পর দিন শিক্ষকরা আন্দোলনে থাকলে শিক্ষা ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হবে, শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হবে। সরকারের উচ্চ মহলের উচিত বিষয়টি দ্রুত সুরাহার উদ্যোগ নেয়া। আন্দোলনরত শিক্ষকদের শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠকের কথা রয়েছে। এ সমস্যার সমাধান হবে বলে আমরা আশাবাদী। শিক্ষকরা সমাজের সচেতন অংশ। দেশের শিক্ষা খাতে বিশৃঙ্খলা তৈরি হোক, শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হোক- তারাও তা চাইতে পারেন না বলেই আমাদের বিশ্বাস। আমরা মনে করি, সরকারপক্ষ ও শিক্ষক সমাজ পারস্পরিক আলোচনায় নিশ্চয় একটা যৌক্তিক সমাধানে আসতে পারবেন ও শিক্ষকরা দ্রুতই শ্রেণিকক্ষে ফিরে যাবেন।

## শৈলকুপার আবাইপুর ইউনিয়নের

তাদের দাত ভাঙ্গা জবাব দেওয়া হবে । এর পর দলীয় নেতা কর্মীদের উদ্দেশ্যে বলেন এই ইউনিয়নে আওয়ামী লীগের নেতা কর্মীরা অনেক নির্যাতন হয়েছে চেয়ারম্যানের লোকজনের কারণে। এখন থেকে আর একটা আওয়ামী লীগের কর্মীদের নির্যাতনের কথা চিন্তা করলেও আইনগত ব্যবস্'া নেওয়া হবে। এসময় আরো উপস্'িত ছিলেন, শৈলকুপা উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল হাকিম, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান মতিয়ার রহমান, নিত্যানন্দপুর ইউপি চেয়ারম্যান মফিজ বিশ্বাস, মনোহরপুর ইউপি চেয়ারম্যান জাহিদ হোসেন, আবাইপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জেলা পরিষদের সদস্য মুক্তার আলী মৃধা, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সভাপতি শামীম হোসেন মোল্লা, উপজেলা ছাত্র লীগের সভাপতি মিশন হোসেন,সাধারণ সম্পাদক বাবু রহমানসহ আওয়ামী লীগ ও তার অঙ্গ সহযোগী সংগঠনের নেতা কর্মীরা?

## মেহেরপুরে জেলা প্রশাসকের সাথে

মোহাম্মদ আজিজুল ইসলাম। মেহেরপুর জেলা এনসিটিএফ এর সাধারণ সম্পাদক নুসরাত শারমিন ও চাইল্ড পার্লামেন্ট মেম্বার নওরিন জাহানের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক লিউজা উল জান্নাহ, অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল আজমল হোসেন, জেলা সমাজসেবা কর্মকর্তা কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন শিশু বিষয়ক কর্মকর্তা মোঃ আইয়ুব হোসেন প্রমুখ।

এরআগে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা এনসিটিএফ এর যুগ্মসাধারণ সম্পাদক আজমিমা আক্তার র‍্যামি, এবং প্রেজেন্টেশনের মাধ্যমে এনসিটিএফ সম্পর্কে সকলকে অবহিত করেন শিশু সাংবাদিক শাহী আল সাদাত। এসময় শিশুরা শিশুদের কার্যক্রম সম্পর্কে জেলা প্রশাসক এবং অন্যান্য কর্মকর্তাদের অবহিত করেন। মেহেরপুরের জেলা প্রশাসক মোঃ আজিজুল ইসলাম এনসিটিএফ এর কার্যক্রমের প্রশংসা করেন এবং জেলা প্রশাসন সর্বত্র এনসিটিএফ এর কার্যক্রমে সহযোগিতার আশ্বাস দেন। অবহিতকরণ সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন এনসিটিএফ সদস্য অনুভা বিশ্বাস, তৌফিক, রানী, কথা, এনসিটিএফ ভলেন্টিয়ার শিমুলসহ আরো অনেকে।

## চুয়াডাঙ্গায় ক্যান্সার আক্রান্ত রোগীর

রাজ্জাক খান রাজ বলেন, মেয়েটির চিকিৎসায় যেন কোনভাবেই ব্যঘাত না ঘটে সেজন্য পরিবারটিকে আর্থিক সহযোগিতা প্রদান করেছি। সেই সাথে আগামীতেও এই পরিবারের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছি। মহান রাব্বুল আল-আমীন এর নিকট প্রার্থনা করি, আল্লাহ যেন মেয়েটিকে অতি দ্রুত সুস্থতা দান করেন। সকলেই মেয়েটির জন্য আল্লাহর নিকট দোয়া করবেন। আল্লাহ যেন অতি দ্রুতই এই জটিল রোগ থেকে মেয়েটিকে আরগ্য লাভ করান।

## আলমডাঙ্গায় ঐতিহ্যবাহী মহানামযজ্ঞ

ভট্টাচার্য। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে আলমডাঙ্গা রথতলায় অনুষ্ঠিত ঐতিহ্যবাহী মহানামযজ্ঞ অনুষ্ঠান পরিদর্শনে প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য।

৯০তম বার্ষিক ৪৮ প্রহর ব্যাপি অখন্ড শ্রী শ্রী তারক ব্রক্ষ্ম মহানামযজ্ঞ অনুষ্ঠান পরিদর্শন করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য । এসময় তিনি বলেন, সাম্প্রদায়িক সম্প্রিতির মহা মিলন মেলা নামযজ্ঞ অনুষ্ঠানে এসে আমি অভিভুত হয়েছি। চুয়াডাঙ্গা জেলার সর্ববৃহৎ এই অনুষ্ঠানটি সার্বজনিন। আমি সকলের আছে অনুরোধ করব আপনারা এই অনুষ্ঠানকে সফল করতে সকল মতামতের উর্দ্ধে উঠে সহযোগীতা করবেন। তিনি আরও বলেন , ধর্ম যার যার, রাষ্ট্র সবার। মুক্তিযুদ্ধের চেতনায় গড়ে ওঠা বাংলাদেশে আমরা সাম্প্রদায়িক সম্প্রিতির দৃষ্ঠান্ত স্থাপন করে রেখেছি। তিনি গীতার সারাংশ থেকে কিছু বলেন, যা হয়েছে তা ভালোই হয়েছে, যা হচ্ছে তা ভালোই হচ্ছে, তোমার কী হারিয়ে যে তুমি কাদছো। তুমি কী নিয়ে এসেছিলে, যা তুমি হারিয়েছো? তোমার যা আজ আছে, কাল তা অন্য কারো ছিল। পরশু সেটা অন্য কারো হবে। পরিবর্তনই সংসারের নিয়ম।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সার্বজনিন নামযজ্ঞানুষ্ঠান উদযাপন কমিটির সভাপতি ও অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক বিশিষ্ট শিল্পপতি বাবু গিরিধারী লাল মোদী,চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুল হামিদ রেজা,চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, আলমডাঙ্গা পৌরসভার মেয়র হাসান কাদির গণু,আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস,আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার নাথ, আলমডাঙ্গা পূজা উদযাপন কমিটির সভাপতি ডা. অমল কুমার বিশ্বাস, চুয়াডাঙ্গা জেলা হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সভাপতি বাবু সুনিল কুমার অধিকারী, পরিমল কুমার ঘোষ কালু ও বিশ্বজিৎ সাধুখাঁ।

## চুয়াডাঙ্গায় মুক্তিযোদ্ধার সন্তানদের

প্রত্যাহার করে নেন। মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কমান্ডের আহবায়ক সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মাসুদুর রহমান মাসুম বলেন, ২০ সেপ্টেম্বরের মধ্যে আমাদের দাবি বাস্তবায়ন না করলে ২১ সেপ্টেম্বর থেকে আবারো অনশন শুরু করব। প্রসঙ্গত প্রয়োজনীয় অবকাঠামোর, ডাক্তার ও জনবলসহ ২৫০ শয্যা বিশিষ্ট চুয়াডাঙ্গা সদর হাসপাতাল পূর্ণাঙ্গ চালুর দাবীতে আন্দোলন শুরু করা হয়।

## মহেশপুরে চোরাই ভাবে বিদ্যুতের

ইসলাম, মশিয়ার রহমান ও ইদ্রিশ আলী। গতকাল বৃহস্পতিবার দুপুরে মহেশপুর পল্লী বিদ্যুৎ অফিসের কর্মকর্তা ও কর্মচারীরা বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে তার খুলে নিয়ে যান।

গ্রামবাসীরা জানান,বাথানগাছি গ্রামের সাইফুল ইসলাম, মশিয়ার রহমান ও ইদ্রিশ আলী এক লাইসেন্সে দু'টি সেচ পাম্পের মটর মহেশপুর পল্লী বিদ্যুতের লাইনম্যানকে ম্যানেজ করে বেশ কিছুদিন ধরে বিদ্যুৎ পিলারের পরিবর্তে বাঁশ দিয়ে লাইন টেনে চালিয়ে আসছে।

তারা আরো জানান,বৃহস্পতিবার দুপুরে হঠাৎ করে পল্লী বিদ্যুৎ অফিসের কর্মকর্তা ও কর্মচারীরা গিয়ে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে তার আর বাঁশের খুটি গুলো খুলে নিয়ে যান। তবে চোরাই লাইন নেওয়ার ব্যাপারে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা বা জরিমানা করা হয়নি।

মহেশপুর পল্লী বিদ্যুৎ অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার অভিজিৎ কুমার সাহা জানান, আমরা প্রথমে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করেছি। এবার আমরা আইন গত ব্যবস্থা নেব গ্রাহকের বিরুদ্ধে।

## ঝিনাইদহে পাটের ফলনেও পানি না

মির্জাপুর গ্রামের কৃষক রুহুল শেখ বলেন, আমাদের মাঠে এবার প্রচুর পাটের আবাদ হয়েছে। কিন্তু পাট জাগ দেওয়ার কোন জায়গা নেই। পুকুরে পানি নেই। ক্যানেলে পানি দিতো কিন্তু এখন ক্যানেলেও পানি দেয়নি। কি করে মাঠ থেকে পাট কাটব। তাই বৃষ্টির আশায় বসে আছে।

উপজেলার গাড়াগঞ্জ এলাকার কৃষক রাশেদ আলী বলেন, জিকে ক্যানেলে পানি দিয়ে এই এলাকার হাজার হাজার কৃষক পাট পচাতে পারত। পানি থাকলে পাটের রঙও ভালো হয়। তাতে দাম ও ভালো পাওয়া যায়। এ বছর যে বৃষ্টি হয়েছে তাতে পুকুর, জলাশয় কোথাও পানি হয়নি। এখন কৃষক পাট জাগ দেবে এমন পানিও পাচ্ছে না। যদি পানি উন্নয়ন বোর্ড ক্যানেলে পানি দিতো তাহলে এলাকার কৃষকদের খুবই উপহার হতো।

এ ব্যাপারে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডের উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা আব্দুল মোত্তালেব বলেন, জিকে সেচ খালের মেইন ক্যানেল যেটা কুষ্টিয়া হয়ে মাগুরার দিকে গেছে সেই খালে পানি দেওয়া আছে। বাকি আলমডাঙ্গা খালসহ অন্যান্য খালে পানি সরবরাহ করার জন্য আমাদের কাজ চলছে। এ সপ্তাহের মধ্যে আশা করি পানি দিতে পারব। পানি দেওয়া হলে কৃষকের সমস্যা কিছু হলেও সমাধান হবে।

## উদ্দেশ্য প্রণোদিত সংবাদ প্রকাশ

বলা হয় খোকসা গ্রামের তাসিরুল ইসলামের বাড়ির পাশে মাঠে যাওয়া রাস্তার মাটি রাতের আধারে কেটে সাবাড় করে দিচ্ছেন। যেখান থেকে মাটি কাটছে সেখানে একটি রাস্তা ছিল, সে রাস্তা দিয়ে মাঠের ফসল নিয়ে যাতায়াত করতো কৃষকগণ। খবরে সাদিকুল নামের একজন বলেছেন, মনঞ্জুরুল রাতের আধারে সরকারের জমিতে মাটি কাটছে। জমির পাশে আমার জমি ছিলো। সে আমার জমি থেকে মাটি কেটে বিক্রি করে দেয় অন্য জায়গায়। এঘটনায় সাদিকুর রহমান ওরফে ফকির বাদী হয়ে ৪৪৭/৩৭৯/৪২৭/৫০৬ পিসি ধারায় একটি মামলা করেছেন। যার মামলা নং সিআর ৫১৬/২০২৩ইং। মামলার বিবরণে বলা হয়েছে বাদির কেনার জন্য বায়নাকৃত জমিতে মঞ্জুরুল ইসলাম অবৈধভাবে প্রবেশ করে এসকেভেটর দিয়ে মাটি কেটে একই সাথে সরকারি জমির মাটি কেটে প্রায় ৩০০ ট্রলি মাটি বিক্রি করেছে। বৃহস্পতিবার সরেজমিন দেখা যায় উপরোক্ত সংবাদের কোন তথ্য ও মামলার বিবরণের সাথে কোন মিল পাওয়া যায়নি। যে জায়গা থেকে মাটি কাটার কথা বলা হয়েছে সেটি সমতল করতে সেখান থেকে পিকেট ইঠ ও রাবিশ সরানো হয়েছে। এছাড়া সাদিকুলের জমি থেকে সামান্য পরিমান মাটিও কাটা হয়নি। জমিটি চাষ উপযোগী করতে শুধুমাত্র রাবিশ ও পিকেটগুলো সরিয়ে নেওয়া হয়েছে। সংবাদে এধরণের উদ্দেশ্য প্রণোদিত সংবাদ প্রকাশ ও হয়রানিমূলক মামলা দেওয়ায় অবাক হয়েছেন স্থানীয়রা। পাশের জমির মালিক স্থানীয় হায়াত আলী বলেন, এই জমি আজগরের। আমি জন্ম থেকে দেখে আসছি আজগর আলী এই জমি চাষ করে আসছেন। জমিটি সমতল ছিলো। এখানে ভাটার কাজে ব্যবহারের জন্য জমিটি রাবিশ ও পিকেট ইট দিয়ে সড়ক বরাবর উচু করা হয়। এখন আর ভাটা নেই। তাই জমিটি সমতল করার জন্য মাত্র ১২ ট্রলি রাবিশ ও পিকেটগুলো সরিয়ে নেওয়া হয়েছে। এই জমি থেকে কোন প্রকার মাটি কাটা হয়নি। যেহেতু এই জমির পিছনে আমার জমি তাই শুরু থেকে শেষ পর্যন্ত আমি দাড়িয়ে ছিলাম।

খোকসা গ্রামে বসবাসকারী সাকেম আলী বলেন, দীর্ঘ ২৫ বছর আমি খোকসা গ্রামে বসবাস করছি। সেই থেকেই দেখে আসছি এই জমি আজগর আলী চাষ আবাদ করছেন।

এবিষয়ে জমির মালিক আজগর আলি জানান দীর্ঘ ৬০ বছর যাবত আমি এই জমির চাষ আবাদ করে আসছি। দুই এক বছর আগে জমির পাশে ইট ভাটা থাকায় ভাটা মলিকরা আমার জমির এই অংশতে পিকেট ইঠ ও রাবিশ রাখতেন। তবে এখন ভাটা বন্ধ হয়ে গেছে যে কারনে আমার জমিতে পড়ে থাকা পিকেট ইট ও রাবিশের স্তুপ সরিয়ে জমিটিকে চাষ উপযোগী করেছি। গত ১৭ জুলাই আজকের মেহেরপুর অনলাই ফেসবুক পেইজ থেকে সরকারী জমির মাটি চুরি করে কেটে বিক্রয় , এবং অন্যজনের জমির উপর মাটি কেটে বিক্রয় শিরোনামে একটি লাইভ ভিডিও প্রকাশ করা হয়। এর দুইদিন পর স্থানীয় মেহেরপুর প্রতিদিন পত্রিকায় এ সংক্রান্ত একটি নিউজ প্রকাশ করা হয়। এবিষয়ে মঞ্জুর বলেন আমার স্কেভেটর ও গাড়ির ব্যবসা রয়েছে। সেই সূত্রে জমির মালিক আমাকে তার ওই জমি থেকে ইটের খোয়া ও রাবিশ অপসারণের জন্য বলেন। সে অনুযায়ী আমি সেখানে গাড়ি পাঠিয়ে দিই। এই ঘটনার সাথে আমি সরাসরি যুক্ত না থাকা সত্ত্বেও এ নিয়ে এমন মিথ্যা অপবাদ দিয়ে বানোয়াট সংবাদ প্রকাশ ও হয়রানিমূলক মামলার মাধ্যমে সমাজে আমাকে হেয় প্রতিপন্ন করা ছিল তাদের পূর্বপরিকল্পনা। আমি এই ঘটনার সঠিক তদন্তের মাধ্যমে সুবিচার দাবি করছি।

## বিশ্ব ঐতিহ্য ষাটগম্বুজ মসজিদ

পরিবেশ ফি নয়, গাড়ি পার্কিং ফী ও বাড়ানো হয়েছে বিশ্ব ঐতিহ্য এই স্থাপনায়। ওই আদেশ অনুযায়ী মোটরসাইকেল পার্কিং ফি করা হয়েছে ২০ টাকা, যা আগে ছিল মাত্র ১০ টাকা। জিপ, প্রাইভেট কার ও মাইক্রো পার্কিং ফি ৫০ টাকার স্থলে ৭০ টাকা করা হয়েছে। বাজ ও ট্রাক ১০০ টাকার স্থলে ২৫০ টাকা করা হয়েছে। এসবের সাথে অতিরিক্ত পনেরো শতাংশ ভ্যাট গুনতে হবে গাড়ির মালিকের। বৃহস্পতিবার(২০ জুলাই) থেকে প্রত্নতত্ত্বর অধিদপ্তর বাগেরহাট নতুন এই ফী কার্যকর করেছেন।

প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাগেরহাটের কাস্টোডিয়ান মোঃ জায়েদ বলেন, ঊর্ধ্বোতন কর্তৃপক্ষের নির্দেশে ষাটগম্বুজ মসজিদ ও বাগেরহাট জাদুঘরে প্রবেশ ফি বাড়ানো হয়েছে। আজ বৃহস্পতিবার থেকে আমরা এই ফি কার্যকর করেছি। পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত এই ফি চলমান থাকবে বলে জানান তিনি।

## রাজবাড়ীতে হেলিকপ্টারে বিয়ে করে

বাবা মার স্বপ্ন পূরণে জীবন সঙ্গিনী কে নিয়ে হেলিকপ্টারে উড়ে আসলেন রামদিয়া বি এম বি সি উচ্চ বিদ্যালয় মাঠে।

বুধবার দুপুরে ইউনিয়নের রাজধরপুর গ্রামের সিরাজুল ইসলামের মেয়ে সামিয়া ইসলাম ফিহাকে বিয়ে করতে বর সেজে হেলিকপ্টার যোগে রওনা দেন তিনি। হেলিকপ্টারে চরে বিয়ে করতে যাবে প্রবাসী বর ইউসুফ আলী এমন সংবাদে নতুন বর ও হেলিকপ্টার একনজর দেখতে রামদিয়া বি এম বি সি উচ্চ বিদ্যালয় মাঠে ভিড় জামায় এলাকার হাজার হাজার উৎসুক জনতা।

নতুন বর সৌদি প্রবাসীর বাবা সমীর হোসেন মোল্লা বলেন, আমার ছেলে ইউসুফকে সুন্নতে খাতনা দেওয়ার সময় আমি সবাইকে বলেছিলাম আমার এই ছেলেকে একদিন হেলিকপ্টারে চড়িয়ে বিয়ে করাবো। মহান আল্লাহতালা আমার সেই মনের আশা পূরণ করিয়েছেন। আজ আল্লাহ তায়ালার কাছে আর কিছু চাওয়া পাওয়ার নেই। মহান আল্লাহ আমার স্বপ্ন পূরণে অনেক বড় সহায়ক হয়েছেন। আল্লাহর প্রতি লাখো লাখো শুকরিয়া আদায় করছি। এছাড়াও যারা আজ এখানে আমার পুত্র ও পুত্রবধূকে দেখতে এসেছেন আপনাদের সবার কাছেই আমার পুত্র এবং পুত্রবধূর জন্য দোয়া প্রত্যাশা করছি। আপনারা দোয়া করবেন আমার পুত্র সুখে স্বাচ্ছন্দে একত্রে দাম্পত্য জীবন কাটাতে পারে।

## মানবতাবিরোধী অপরাধে

নুরুল আমিন হাওলাদার (পলাতক)। যুদ্ধাপরাধের মামলায় আসামিদের বিরুদ্ধে মুক্তিযুদ্ধের সময় হত্যা, আটক, নির্যাতন, অপহরণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ, ধর্ষণ, হত্যা ও গণহত্যার অভিযোগ আনা হয়েছে।

তাদের বিরুদ্ধে ৪টি অভিযোগে ২৪ জনকে হত্যা, একজনকে ধর্ষণ, নারীসহ ৪ জনকে গুলি করে জখমের কথা উল্লেখ করা হয়েছে। এর মধ্যে চিকিৎসাধীন অবস্থায় ২ জনের মৃত্যুর কথা বলা হয়েছে।

## সরিষাবাড়ীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার

সদস্য ফরিদুল ইসলাম, ৬ ওয়ার্ড আওয়ামীলীগ এর সভাপতি লুৎফর রহমান, সাধারণ সম্পাদক মুখলেছুর রহমান মধু, ২ নং ওয়ার্ড আওয়ামীলীগ এর সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক আব্দুর সাত্তার সহ আওয়ামী লীগ ও ছাত্রলীগ, যুবলীগ এবং অঙ্গ সহযোগী সংগঠন এর নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। মতবিনিময় সভা শেষে বিএনপি-জামাতের সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে সন্ধ্যা ৬ টায় শান্তি ও উন্নয়ন শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।

## ঝিনাইদহে ব্লক ও বাটিকের ৫ দিন

ট্রেনিং কো-অর্ডিনেটর রিনা কনা পাল, ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ফয়সাল আহমেদ, শেল্টার সমাজ কল্যাণ সংস্থার উপ-পরিচালক শাহানুর রেজা, প্রোগ্রাম কো-অর্ডিনেটর রোকসানা আক্তার। প্রশিক্ষণ প্রদান করেন ওয়েব'র প্রশিক্ষক আনোয়ারা বেগম। প্রশিক্ষণে অংশ নেওয়া সদর উপজেলার ৩০ জন ক্ষুদ্র নারী উদ্দোক্তার। মাঝে সনদপত্র প্রদান করা হয়।

## বাগেরহাটে প্রকৌশলীকে মারধরের

দিয়েছেন। মানববন্ধনে আইডিইবি কেন্দ্রীয় সাধারন সম্পাদক মো. শামসুর রহমান, বাগেরহাট আইডিইবির সভাপতি খন্দকার আব্দুস সালাম, সহ-সভাপতি আব্দুর রহমান, সাধারণ সম্পাদক মতিউর রহমান, সাংগঠনিক সম্পাদক শেখ তানজির হোসেনসহ অন্যান্য নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

মানববন্ধনে আইডিইবি কেন্দ্রীয় সাধারন সম্পাদক বলেন, গত ১২ জুলাই রাতে ছাত্রলীগের নেতাকর্মীরা বাগেরহাট শহরে পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) উপবিভাগীয় প্রকৌশলী মুহাম্মদ আবু হানিফকে তাঁর কার্যালয়ে ঢুকে মারপিট করে তুলে নিয়ে যায়। এঘটনার পরপরই থানায় লিখিত অভিযোগ করলে ৪দিন পর পুলিশ ওই মামলাটি রেকর্ড করলেও এখনো কোন আসামী গ্রেফতার করা হয়নি। প্রকৌশলী মারপিটের ঘটনায় জড়িত সব আসামীদের দ্রুত গ্রেফতার না করা হলে দেশব্যাপী কঠোর কর্মসূচির হুশিয়ারি দেন এই আইডিইবি নেতা।

## বাগেরহাটে অপরাজিতা টেওয়র্কের

দেবনাথ এর সভাপতিত্বে বাগেরহাট ফাউন্ডেশনে অপরাজিতা নারীর রাজনৈতিক ক্ষমতায়ন প্রকল্প (হেলভেটাস) এর উপপরিচালক ফৌজিয়া খন্দকার এবং অপরাজিতা নারীর রাজনৈতিক ক্ষমতায়ন প্রকল্পের সমন্বয়কারী (রূপান্তর) সুবল ঘোষ টুটুল এর উপস্থিতিতে ১৭ সদস্য বিশিষ্ট নেটওয়ার্ক গঠন হয়। কমিটির অন্যান্য সদস্যরা হলেন সহ সভাপতি নাজমা সারোয়ার, কামরুন নাহার হাই, হোসনে আরা মিলি, যুগ্ম সম্পাদক: অর্পা মল্লিক, সাংগঠনিক সম্পাদক: শাহিদা আক্তার, কোষাধক্ষ্য: রহিমা খাতুন, সদস্য এ্যাড: সীতা রানী দেবনাথ, এ্যাডভোকেট লুনা সিদ্দিকী, তানিয়া খাতুন, ঝিমি মন্ডল, অঞ্জলি দাস, নার্গিস আক্তার ইভা, কাজল মন্ডল, গায়ত্রি বিশ্বাস, জোছনা খাতুন।

## বেনাপোল দিয়ে ভারত থেকে দেশে

মাধ্যমে বিভিন্ন মেয়াদে সাজাভোগ করেছি। এরপর সেখানে বিভিন্ন শেল্টার হোম আমাদের আশ্রয় দেয়। পরে ভারতের পশ্চিমবঙ্গের বিভিন্ন শেল্টারহোম থেকে আজ দেশে ফিরেছি। শেল্টারহোমে আমাদের বয়সী অনেক বাংলাদেশি নারী ও শিশু আছেন। তারা দেশে আসার অপেক্ষায় রয়েছে। কলকাতায় নিযুক্ত বাংলাদেশি হাইকমিশনার শেখ মারেফাত তারিকুল ইসলাম (দ্বিতীয় সচিব রাজনৈতিক) বলেন, বাংলাদেশ ও ভারত সরকারের যৌথ প্রচেষ্টায় আজ এ সমস্ত নারী ও শিশুদের দেশে ফেরত পাঠানো হচ্ছে। ফেরত আসাদের মধ্যে ২০ নারী ও ২০ শিশু রয়েছে। বেনাপোল ইমিগ্রেশন পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আহসান হাবীব বলেন, ভারত সরকারের বিশেষ ট্রাভেল পারমিটে ফেরত আসা বাংলাদেশি নারী-শিশুদের ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা শেষে বেনাপোল পোর্ট থানায় হস্তান্তর করা হয়েছে। সেখান থেকে এনজিও সংস্থা জাস্টিস অ্যান্ড কেয়ার, রাইটস যশোর ও মহিলা আইনজীবি সমিতি তাদের পরিবারের কাছে হস্তান্তর করবে।

এ ব্যাপারে যশোর জাস্টিস অ্যান্ড কেয়ারের সিনিয়র প্রোগ্রাম অফিসার মুহিত হোসেন বলেন, ফেরত আসাদের যশোর জাস্টিস অ্যান্ড কেয়ার ১৭, রাইটস যশোর ১৬ এবং মহিলা আইনজীবি সমিতি ৭ জনকে গ্রহন নিজস্ব শেল্টারহোমে রাখবে। এরপর পরিবারের সঙ্গে যোগাযোগ করে তাদের স্বজনদের কাছে হস্তান্তর করা হবে।

## গাংনীতে টিসিবি'র চাউল ওজনে

ডিলারের লোকজনের সাথে তাদের বাকবিতণ্ডা বাধে। টিসিবি ডিলার পেশিশক্তি ব্যবহার করে গরিব মানুষের চাউলে ওজন কম দিচ্ছে বলে অভিযোগ করেন প্রতিবাদকারীরা। ভুক্তভোগী আড়পাড়া গ্রামের বয়োবৃদ্ধ নজিম উদ্দীন বলেন, গরিব মানুষ তাই টিসিবি থেকে সরকারী কম মূল্যের চাউল কিনেছি। পাঁচ কেজি চাউরে দাম পরিশোধ করি। তবে চাউল ওজন না করে একটি বালতিতে আনুমানিক ওজন হিসেবে আমার ব্যাগে ঢেলে দেওয়া হয়। কম দেওয়া হয়েছে সন্দেহ হলে ইউনিয়ন পরিষদের সামনের একটি দোকানে ডিজিটাল স্কেলে ওজন করি। তখন দেখি আধা কেজি কম। একই অভিযোগ করেছেন শানঘাট গ্রামের নাসির উদ্দীন। তিনি বলেন, একসাথে আমরা তিন জনের চাউল হিসেবে ১৫ কেজি কিনি। বাইরে গিয়ে মেপে দেখি ১৫ কেজি চাউলে দুই কেজি কম। বিষয়টি ডিলারকে বললেও তিনি কানে নেননি। স্থানীয় সুত্রে জানা গেছে, অতি দরিদ্র বয়োবৃদ্ধ মানুষগুলো রোদ বৃষ্টি উপেক্ষা করে লম্বা লাইন দিয়ে টিসিবি পণ্য কেনেন। এরকম মানুষগুলোর সাথে ডিলারের ওজন প্রতারণায় তীব্র প্রতিবাদ করেন ইউনিয়ন পরিষদের আশেপাশের লোকজন। জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ঠদের এ বিষয়ে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণের দাবি তাই ভুক্তভোগীদের। তবে অভিযোগ অস্বীকার করেছেন ধানখোলা ইউনিয়নের টিসিবি ডিলার মাহিন ট্রেডিং কোম্পানীর সত্ত্বাধিকারী মুস্তাকিম বিল্লাহ। তিনি বলেন, ওজনে কম দেওয়া হচ্ছে না। ধানখোলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আব্দুর রাজ্জাক বলেন, টিসিবি ডিলার নিয়ন্ত্রণ করার দায়িত্ব ইউনিয়ন পরিষদের না। পরিষদ ভবন শুধুমাত্র পণ্য বিক্রিতে ব্যবহারের জন্য দেওয়া হয়েছে। তবে ওজন কম দেওয়ার বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কাছে অভিযোগ করা হবে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, ওজন প্রতারণার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

## রবিবার ইতালি যাচ্ছেন প্রধানমন্ত্রী সই

সমঝোতা স্মারক সই করবে বাংলাদেশ।

গতাকল বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রধানমন্ত্রীর ইতালির সফর নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। পররাষ্ট্রমন্ত্রী জানান, আগামী ২৪-২৬ জুলাই ইতালির রোমে খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) আয়োজনে খাদ্য সম্মেলন অনুষ্ঠিত হবে। জাতিসংঘের মহাসচিবের আমন্ত্রণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল এ ফোরামে যোগদান করবেন। এজন্য আগামী ২৩ জুলাই রোমের উদ্দেশ্যে রওনা করবেন তারা। সফর শেষে আগামী ২৬ জুলাই ঢাকার উদ্দেশে রওনা করবেন প্রধানমন্ত্রী।

তিনি বলেন, ২৪ জুলাই প্রধানমন্ত্রী এফএও'র সদর দপ্তরে সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ আমন্ত্রিত বক্তা হিসেবে বক্তব্য দেবেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী 'ফুড সিস্টেম অ্যান্ড ক্লাইমেট অ্যাকশন' শীর্ষক প্লেনারি সেশনে অংশগ্রহণ করবেন। মোমেন জানান, কৃষিমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী, খাদ্যমন্ত্রী, প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা ও বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক প্রতিমন্ত্রী প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হবেন।

## 'বিএনপি-জামায়াত জনগণের

করতে জানে না, মানুষের সেবা করতে জানে না, তারা শুধু দুর্নীতি ও লুটপাট করতে জানে এবং সেই সঙ্গে স্বার্থ পূরণ করতে জানে।'

বৃহস্পতিবার আখাউড়া-লাকসাম ডাবল ট্র্যাক প্রকল্পের অধীনে নবনির্মিত ৭২ কিলোমিটার ডুয়েল-গেজ ডাবল রেললাইনে ট্রেন চলাচলের উদ্বোধনকালে এ কথা বলেন এসব কথা বলেন প্রধানমন্ত্রী।

তিনি তার সরকারি বাসভবন গণভবন থেকে ভার্চুয়ালি প্ল্যাটফর্মের মাধ্যমে কুমিল্লার লাকসামে উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন।

শেখ হাসিনা বলেন, সরকার বিএনপি-জামায়াতের রাজনৈতিক কর্মসূচিতে বাধা দেবে না, তবে কোনো ধ্বংসাত্মক কর্মকাণ্ডের পুনরাবৃত্তি হলে তাদের ছাড় দেওয়া হবে না। তিনি বলেন, সর্বত্র ক্যামেরা থাকবে এবং কোনো ধ্বংসাত্মক কর্মকাণ্ড করলে দোষীদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তি দেওয়া হবে।

সন্ত্রাসী বিএনপি-জামায়াতের হাত থেকে রক্ষা পেতে জনগণকে সতর্ক থাকার আহ্বান জানান প্রধানমন্ত্রী। তিনি আরও বলেন, আমরা তাদের হাত থেকে দেশকে রক্ষা করতে চাই।

নবনির্মিত ৭২ কিলোমিটার ডুয়েল-গেজ ডাবল ট্র্যাকের সঙ্গে পুরো ৩২১ কিলোমিটার ঢাকা-চট্টগ্রাম করিডোরটি একটি ডাবল লাইনে পরিণত হয়েছে, যার পরিচালন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। এতে ভ্রমণের সময় ৩০ মিনিট থেকে এক ঘণ্টা সাশ্রয় হবে।

লাকসাম প্রান্ত থেকে রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজনের সভাপতিত্বে এই অনুষ্ঠানে এলজিআরডি ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম এমপি এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক এমপি এবং বাংলাদেশে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) কান্ট্রি ডিরেক্টর এডিমন গিন্টিং বক্তব্য রাখেন।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মোহাম্মদ সালাহউদ্দিন অনুষ্ঠান পরিচালনা করেন এবং রেলওয়ে সচিব ড. হুমায়ুন কবির স্বাগত বক্তব্য রাখেন।

## এক দিনে কাদের-ফখরুলের

বাংলাদেশে অবাধ, সুষ্ঠু, অংশগ্রহণমূলক ও শান্তিপূর্ণ নির্বাচনকে উৎসাহিত করে। বাসসের এক প্রতিবেদনে আওয়ামী লীগ সাধারণ সম্পাদকের সঙ্গে ব্রিটিশ হাইকমিশনারের সাক্ষাতের কথা উল্লেখ করা হয়েছে। তাতে বলা হয়, বৈঠক প্রসঙ্গে ওবায়দুল কাদের সাংবাদিকদের বলেছেন, সাক্ষাৎকালে দেশের আগামী জাতীয় নির্বাচন কীভাবে হবে, নির্বাচনকালীন সরকারের দায়িত্ব, বিরোধী দলের সঙ্গে সম্পর্ক কেমন হবে, তা নিয়ে আলোচনা হয়েছে। ব্রিটিশ হাইকমিশনার নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার পাশাপাশি অংশগ্রহণমূলক করার কথা বলেছেন।

## ঘুষ গ্রহণ ও দুর্নীতির অভিযোগে

বরখাস্তের আদেশে বলা হয়েছে, পাবনায় উপসহকারী পরিচালক হিসেবে কর্মরত থাকাকালে অফিস কক্ষে মো. সামছুল হক নামে এক ব্যক্তির কাছে ২০ লাখ টাকা দাবি করেন সহকারী পরিচালক মোস্তাফিজুর রহমান। পরে তিনি ৭৬ হাজার টাকা গ্রহণ করেন। গত ২৬ জুন এ সংক্রান্ত একটি ভিডিও ফুটেজ দেশের দু'টি বেসরকারি টেলিভিশনসহ বিভিন্ন গণমাধ্যমে সংবাদ আকারে প্রচারিত হয়।

প্রচারিত ভিডিও ফুটেজে দেখা যায়, মেসার্স হক টাইল লিমিটেডের মালিক মো. শামসুল হকের কাছ থেকে ঘুষ গ্রহণ করছেন মোস্তাফিজুর রহমান। এ বিষয়ে গত ২৮ জুন ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ করা হয়েছিল।

মোস্তাফিজুর রহমান ঘুষ গ্রহণ করে চাকরি শৃঙ্খলা পরিপন্থি কাজ করেছেন। এরূপ অভিযোগের পরিপ্রেক্ষিতে দুদকের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ণ হয়েছে। সে কারণে তাকে দুদক (কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৮ এর ৩৯ (খ) ও ৩৯(ঙ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগে বিভাগীয় মামলা (নম্বর ০৮/২-২৩) দায়ের করায় এবং ওই বিধিমালার ৪৩(১) বিধি অনুযায়ী তাকে চাকরি থেকে সামযি?কভাবে বরখাস্ত করা যুক্তিযুক্ত ও অপরিহার্য মনে করেছে কমিশন।

অন্যদিকে সুদীপ কুমার চৌধুরীর বরখাস্তের আদেশে বলা হয়েছে, তিনি বগুড়ায় উপসহকারী পরিচালক হিসেবে কর্মরত থাকাকালে বগুড়া জেলা পুলিশে গোয়েন্দা বিভাগের উপপরিদর্শক আলমগীর হোসেনের সম্পদ বিবরণী যাচাইকালে তাকে মামলা থেকে অব্যাহতি দেওয়ার আশ্বাস দেন। তখন তার কাছ থেকে ঘুস দাবি করেন সুদীপ কুমার। এছাড়া ঘুষ গ্রহণের কথোপকথনের অডিও রেকর্ড দুদকের ফরেনসিক ল্যাব বিশেষজ্ঞরা পরীক্ষা-নিরীক্ষা করে তা সুদীপ কুমারের বলে জানিয়েছেন। ফলে অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তি বা সাক্ষীদের সঙ্গে টেলিফোনে/মোবাইলে যোগাযোগ না করার জন্য দুদকের নির্দেশনা অমান্য করেছেন বলে অভিযোগ প্রমাণিত হয়েছে।

সে কারণে তার বিরুদ্ধে দুদক (কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৮ এর ৩৯(খ), ৩৯(ঙ) ও ৩৯ (চ) বিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ, ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা দায়ের করার কারণে বিধিমালার ৪৩(১) অনুযায়ী তাকে চাকরি থেকে সামযি?কভাবে বরখাস্ত করেছে দুদক।

গত ৯ এপ্রিল বগুড়া সমন্বিত জেলা কার্যালয়ের উপ-সহকারী পরিচালক সুদীপ কুমার চৌধুরীর বিরুদ্ধে ওই পুলিশ কর্মকর্তার বোন রুমাইয়া শিরিন সংবাদ সম্মেলনও করেছেন।

## হাইকমিশনারকে কাদেরের প্রশ্ন

কাদের বলেন, প্রথমবারের মতো ব্রিটিশ হাইকমিশনার প্রতিনিধিত্বমূলক নির্বাচনের কথা বলেছেন। এছাড়া গুলশানে (উপনির্বাচন) ভায়োলেন্স নিয়ে কথা হয়েছে। ব্রিটিশ হাইকমিশনারের প্রতিনিধিত্বমূলক নির্বাচনের প্রত্যাশা সম্পর্কে ওবায়দুল কাদেরের জবাব কী ছিল- সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে কাদের বলেন, আমেরিকানদের যা বলেছি, ইউরোপীয় ইউনিয়নকে যা বলেছি, ব্রিটিশ হাইকমিশনারকেও তা-ই বলেছি। আমাদের বক্তব্য অভিন্ন। যেভাবে ইলেকশন হবে, তা নিয়ে কথা বলেছি।

বিএনপির দাবির মতো বিদেশি হাইকমিশনারদের বক্তব্য একই রকম কিনা- এমন প্রশ্নের জবাবে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, বিএনপির দাবি- সরকারের পদত্যাগ ও তত্ত্বাবধায়কের অধীনে নির্বাচন; কিন্তু কিভাবে নির্বাচন হবে, সেটা নিয়ে তাদের (ব্রিটিশ) কোনো বক্তব্য নেই। তারা প্রতিনিধিত্বমূলক নির্বাচন চায়। এ সময় বিএনপির তত্ত্বাবধায়ক সরকারের দাবিকে অদ্ভুত ও উদ্ভট বলেও আখ্যা দেন তিনি।

সেতুমন্ত্রী বলেন, 'বিএনপি ক্ষমতায় আসতে পারে এমন ব্যবস্থা ছাড়া নির্বাচনে আসতে চায় না। তাদের হেরে যাওয়ার ভয় আছে। জনগণ যাকে ভোট দেবে, সে-ই ক্ষমতায় যাবে।

নির্বাচন কমিশনের স্বাধীনতা প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, নির্বাচনের সময় কমিশন স্বাধীনভাবে দায়িত্ব পালন করবে। আর সরকার রুটিন দায়িত্ব পালন করবে। তারা কোনো মেজর পলিসি ডিসিশন নিতে পারবে না, সেটা বাস্তবায়ন করতে পারবে না। আর্থিক ও রেগুলেটরিসহ অনেক বিষয়ে কমিশন স্বাধীন।

## জনগণের প্রত্যাশা পূরণে স্ব-প্রণোদিত

প্রাপ্তির অধিকার নিশ্চিত করা দরকার।'

গতকাল বৃহস্পতিবার যশোর জেলা প্রশাসকের কার্যালয়ে 'তথ্য অধিকার আইন : এনজিওদের স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় প্রধান তথ্য কমিশনার এসব কথা বলেন।

ডক্টর আবদুল মালেক বলেন, সর্বোচ্চ তথ্য প্রকাশ ও সর্বনিম্ন গোপনীয়তা- এটাই হোক প্রাতিষ্ঠানিক মন্ত্র। বিশুদ্ধ ও প্রকৃত তথ্য জানার অধিকার সমাজের তথা জনগণের রয়েছে। অন্যদিকে বিকৃত তথ্য, মিথ্যাচার, বিদ্বেষ ও ঘৃণাপ্রসূত তথ্য প্রচার এবং গুজব রটনা সমাজদেহের জন্য ক্ষতিকর। তথ্য অধিকার আইনের সফল ও যথাযথ প্রয়োগের মাধ্যমে জনগণের অধিকার সুনিশ্চিত করা হচ্ছে বলে তিনি জানান।

যশোরের জেলা প্রশাসক মো. তমিজুল ইসলাম খানের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক শেখ মনিরুজ্জামান। তথ্য অধিকার আইন নিয়ে আলোচনা করেন এমআরডিআই'র নির্বাহী পরিচালক হাসিবুর রহমান মুকুর। যশোর জেলার ৮ টি উপজেলার ৭৬ জন এনজিও প্রতিনিধি কর্মশালায় অংশগ্রহণ করেন। এছাড়া সরকারি কর্মকর্তা ও সাংবাদিকরা এই কর্মশালায় উপস্থিত ছিলেন।

## কূটনীতিকদের ভিয়েনা কনভেনশন

গত ১৭ জুলাই ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে অন্যতম প্রার্থী আশরাফুল আলমের (হিরো আলম) ওপর দুস্কৃতিকারীদের হামলার বিষয়ে ১৩ দেশের রাষ্ট্রদূতদের দেওয়া সম্মিলিত বিবৃতির বিষয়ে প্রশ্ন করলে তিনি এ কথা বলেন। সম্প্রচারমন্ত্রী বলেন, 'আমার প্রশ্ন- ভারত কিম্বা পাকিস্তানে যখন সহিংসতা হয় কিম্বা আশেপাশের অন্য দেশে যখন সহিংসতা হয় সেখানে রাষ্ট্রদূতরা এ রকম বিবৃতি দেয় না, আমাদের দেশে কেন এ ধরণের বিবৃতি দেওয়া হচ্ছে? আসলে আমাদের কিছু রাজনৈতিক দল, সুশীল সমাজের কেউ কেউ এগুলো দেওয়ার জন্য উস্কানি দেয়। সুতরাং রাষ্ট্রদূতদের এ ব্যাপারে প্রশ্ন তোলার আগে তাদেরকে যারা "প্রোভোক" করে তারা এই ক্ষেত্রে দায়ী। তবে অবশ্যই কূটনীতির বিষয়ে রাষ্ট্রদূতদের আচরণ -সেই ক্ষেত্রেও ভিয়েনা কনভেনশন মেনে চলা প্রয়োজন।'

বিএনপি মহাসচিবের দিনাজপুরে দেওয়া বক্তব্য 'সরকার পদত্যাগ না করলে আমাদের আন্দোলন শান্তিপূর্ণ থাকবে না' এ নিয়ে প্রশ্ন করলে হাছান মাহমুদ বলেন, 'মির্জা ফখরুল সাহেবের বক্তব্যে তো এটি স্পষ্ট যে, উনারা সহিংসতা করতে চায়, সহিংসতা শুরু করেছে। সহিংসতা শুরু করলে সরকার বসে থাকবে না। যারা সহিংসতা করবে, দেশে বিশৃঙ্খলা তৈরি করবে তাদেরকে কঠোর হস্তে দমন করা হবে এবং একইসাথে তাদের বিরুদ্ধে আমাদের দলও জনগণকে সাথে নিয়ে মাঠে থাকবে।'

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী ঘোষিত লিফলেট বিতরণসহ নানা কর্মসূচি নিয়ে প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী বলেন, 'আমি ফেসবুকে দেখলাম যে রিজভী সাহেব ঢাকা-১৭ আসনের একজন প্রার্থীর ব্যাপারে বলেছেন যে, "সে অর্ধ-পাগল, অর্ধ-শিক্ষিত"। কোনো প্রার্থীকে এ রকম অর্ধ-পাগল, অর্ধ-শিক্ষিত বলা সমীচীন নয়।'

## তত্ত্বাবধায়ক সরকারের দাবীতে

সদস্য সচিব শরীফুজ্জামান শরীফের নেতৃত্বে এ পদযাত্রা অনুষ্ঠিত হয়। পদযাত্রাটি চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্তর থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়র পদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে জেলা বিএনপির আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ও সদস্য সচিব শরীফুজ্জামান শরীফ বক্তব্য রাখেন। তারা বলেন, অবিলম্বে নির্দলীয় সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করে জাতীয় সংসদ নির্বাচনের দাবি করছি। একদফা দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত আন্দোলন সংগ্রাম অব্যাহত থাকবে।

## কোনো হাসপাতাল থেকে ডেঙ্গু

প্রবৃত্তি কমেনি। অনেক অধিদপ্তর এবং মন্ত্রণালয় বন্ধ থাকলেও স্বাস্থ্য অধিদপ্তর একদিনের জন্যও বন্ধ ছিল না। জরুরি অবস্থা জারি করার আগে যারা পলিসি তৈরি করেন, তাদের সিদ্ধান্ত আসলেই ভালো হয়।

ডেঙ্গু নিয়ন্ত্রণে সিটি কর্পোরেশনের ভূমিকায় আপনার মন্তব্য কি জানতে চাইলে তিনি বলেন, আমরা যদি পরস্পরকে দোষারোপ করি তাহলে কাজ হবে না। গঠনমূলক সমালোচনার জায়গা থেকে আমরা বলতে পারি কোন কোন জায়গায় আরও কাজের সুযোগ রয়েছে। আমরা সেই কাজটি প্রথম থেকেই করছি। মার্চ বা এপ্রিল মাসে আমরা আগাম একটা গবেষণাপত্র প্রকাশ করেছিলাম। আমরা সিটি কর্পোরেশনকে জানিয়েছিলাম এই বছর ডেঙ্গুর প্রকোপ বেশি হতে পারে এবং তারা যেন দ্রুত পদক্ষেপ গ্রহণ করেন। এই অবহিতকরণটা আমাদের দাযি?ত্বের মধ্যেই পড়ে। আমরা আমাদের কাজটুকু করেছি। পাশাপাশি কোন এলাকা থেকে রোগী বেশি হাসপাতালে ভর্তি হচ্ছে, আমরা সেটা চিহ্নিত করে সিটি কর্পোরেশনের কাছে পাঠাচ্ছি। তারা যেন দ্রুত সেখানে পদক্ষেপ নেন।

ডিএনসিসি এবং সোহরাওয়ার্দী হাসপাতাল থেকে জায়গা না থাকার অজুহাতে রোগীদের ফিরিয়ে দেওয়া হচ্ছে, এক্ষেত্রে কি ব্যবস্থা গ্রহণ করবেন জানতে চাইলে আবুল বাশার মোহাম্মদ খুরশিদ আলম বলেন, আপনারা আমাকে তথ্য-উপাত্ত দেন, কবে কোন জায়গা থেকে কোন রোগীকে কীভাবে ফিরিয়ে দেওয়া হয়েছে। প্রতিদিন সন্ধ্যায় আমরা এক ঘণ্টা ব্যয় করি হাসপাতালগুলোর সাথে যোগাযোগ করার জন্য। এটা তথ্য-প্রযুক্তি এবং ডিজিটাল ব্যবস্থার কারণে সম্ভব হয়েছে। ঢাকা শহরে বসে আমি যদি চাই তাহলে টেকনাফ এবং তেতুলিয়ায় কথা বলতে পারি। আমরা প্রতিদিন ফলোআপ করি। আপনারা যে হাসপাতালের কথা বললেন, এখান থেকে রোগীদের ফিরিয়ে দেওয়া হচ্ছে, আমাকে অনুগ্রহ করে জানান। কবে কোন রোগী, কীভাবে ফেরত গেছে, আমি সেটার ব্যবস্থা গ্রহণ করবো।

## বিদেশি কূটনীতিকরা কি করছেন

বিবেচনা করেনি এবং এটি প্রাথমিক ভুল। তাদের এটা করতে দেওয়া উচিত নয়।

**ভিয়েনা কনভেনশন যা বলে**

তবে শুধু গত নির্বাচন নয়, বাংলাদেশে রাজনৈতিক সংকট দেখা দিলে বিদেশি কূটনীতিকদের সক্রিয় হতে দেখা যায়। এসব কর্মকাণ্ডে সরকারি দল তেমন নজর দেয়নি। কিন্তু বিরোধীরা সব সময় সমর্থন দিয়ে আসছে। ভিয়েনা কনভেনশনের অনুচ্ছেদ ৪১-এর ১ ধারায় বলা হয়েছে যে ব্যক্তিরা অন্য দেশে কূটনৈতিক মর্যাদা এবং সুযোগ-সুবিধা ভোগ করেন তারা সেই দেশের আইন ও নীতির দ্বারা আবদ্ধ হবেন। এছাড়া তারা সে দেশের অভ্যন্তরীণ কোনো বিষয়ে হস্তক্ষেপ করতে পারবে না।

এই বিভাগে আরও দুটি উপ-ধারা রয়েছে। উদাহরণ স্বরূপ, অনুচ্ছেদের দুই নম্বর উপধারায় বলা হয়েছে, কূটনীতিকদের সব ধরনের অফিসের কাজ, যা প্রেরক দেশ কূটনৈতিক মিশনে অর্পণ করবে, তা অবশ্যই গ্রহণকারী দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে করতে হবে। এবং তিন নম্বর উপধারায়, কূটনীতিকরা তাদের কার্যক্রমের সাথে সম্পর্কিত নয় এমন কোনো উদ্দেশ্যে তাদের মিশন অফিসের প্রাঙ্গণ ব্যবহার করতে পারবেন না। চুক্তিতে আরও বলা হয়েছে যে কূটনৈতিক সম্পর্ক দেশগুলির মধ্যে পারস্পরিক সম্মতির ভিত্তিতে হবে। এছাড়া, ভিয়েনা কনভেনশনের অন্যতম গুরুত্বপূর্ণ ধারা বা আর্টিকেল ৯-এ বলা হয়েছে যে কোনো দেশ কোনো কারণ ছাড়াই ওই দেশে নিযুক্ত অন্য কোনো দেশের কূটনীতিককে 'ব্যক্তিত্বহীন' বা অগ্রহণযোগ্য ঘোষণা করতে পারে। সংশ্লিষ্ট দেশে পৌঁছানোর আগেই কূটনীতিককে অগ্রহণযোগ্য ঘোষণা করা যেতে পারে।

দৈনিক এই আমার দেশ
১৯৯৯ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com





# কালীগঞ্জে হিরো উমেন বৃত্তি প্রদান

**নিজস্ব প্রতিবেদক :** উঠো,জাগো,শিক্ষায় গড়ো বিকশিত ভবিষ্যত" এই স্লোগান নিয়ে ঝিনাইদহের কালীগঞ্জে হিরো উমেন শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে। বৃহস্পতিবার (২০ জুলাই) সকাল ১০টায় সুনিকেতন পাঠশালা সেমিনার কক্ষে বিকশিত বাংলাদেশ ফাউন্ডেশন এবং বিকশিত নারী ও শিশু কল্যাণ সংস্থার আয়োজনে এই বৃত্তি প্রদান করা হয়। বৃত্তি প্রদান অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা বাবু প্রভাত কুমার বানার্জী, দৈনিক যায়যায়দিন পত্রিকার ঝিনাইদহ জেলা প্রতিনিধি তারেক মাহমুদ, হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ডের প্রোগ্রাম অফিসার শাহজাহান আলী, প্রত্যয় বিশ্বাস, বিকশিত বাংলাদেশ ফাউন্ডেশনের একাউন্স অফিসার সুফিয়া খাতুন, স্বেচ্ছাসেবী যুব সংগঠন কালীগঞ্জ ইয়ুথ এগেইনস্ট হাঙ্গারের সভাপতি ফাওজুর রহমান সাবিত, সাধারন সম্পাদক মুজাহিদ হোসেন প্রমুখ।
অনুষ্ঠানে কালীগঞ্জ উপজেলার বিভিন্ন স্কুল পর্যায়ে ১৭জন মেয়েকে মাসিক ৪০০ টাকা হারে তিন মাসের ১২০০ টাকা এবং কলেজ পর্যায়ে ২জনকে মাসিক ৫০০ টাকা হারে তিন মাসের ১৫০০ টাকা করে প্রদান করা হয়। মূলত হিরো উমেন শিক্ষাবৃত্তি ২০০৩ সাল থেকে কালীগঞ্জে প্রদান করা হচ্ছে।




# মহেশপুরে জাতীয়তাবাদী দলের মৎস্যজীবী দলের দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের মহেশপুর প্রাথমিক শিক্ষক সমিতি ভবনে গতকাল বৃহস্পতিবার মহেশপুর উপজেলা জাতীয়তাবাদী মৎস্যজীবী দলের দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।
সম্মেলনে সর্ব সম্মতি ক্রমে আবুল বাশারকে সভাপতি ও রফিকুল ইসলামকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে।
মহেশপুর উপজেলা জাতীয়তাবাদী মৎস্যজীবী দলের আহবায়ক আবুল বাশারের সভাপতিত্বে অনুষ্ঠিত দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা বিএনপি'র সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা।
দ্বি-বার্ষিক সম্মেলন প্রধান বক্তার বক্তব্য রাখেন মহেশপুর উপজেলা বিএনপির সভাপতি মেহেদী হাসান রনি।বিশেষ বক্তার বক্তব্য রাখেন কেন্দ্রী জাতীয়তাবাদী মৎস্যজীবী দলের নির্বাহী সদস্য জাহিদুল আলম মিলন, উদ্বোধকের বক্তব্য রাখেন জেলা মৎস্যজীবী দলের আহবায়ক মোস্তাফিজুর রহমান খোকন, অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মহেশপুর পৌর বিএনপির সভাপতি আমিরুল ইসলাম খান চুন্নু,উপজেলা বিএনপির সসাধারণ সম্পাদক দবির উদ্দীন বিশ্বাস, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জিয়াউর রহমান,পৌর বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, উপজেলা জাতীয়তাবাদী মৎস্যজীবী দলের সদস্য সচিব শাহ নেওয়াজ সুমন,জেলা মৎস্যজীবী দলের যুগ্ন আহবায়ক বাদশা বুলবুল,যুগ্ন আহবায়ক তৌফিক রহমান লিখন,উপজেলা ছাত্রদলের সাবেক নেতা শামীম খান প্রমুখ।




# লক্ষ্মীপুরে কৃষক দলের নেতা হত্যার প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপি'র শোক র‍্যালী

**মেহেরপুর প্রতিনিধি :** বিএনপি'র কেন্দ্রিয় ঘোষিত শান্তিপূর্ণ পদযাত্রা'য় লক্ষীপুরে কৃষকদলের নেতা সজীব হোসেনকে হত্যার প্রতিবাদে শোক র‍্যালী করেছে মেহেরপুর জেলা বিএনপি । বৃহস্পতিবার(২০ জুলাই) বিকালে মেহেরপুর কাথুলি বাস স্ট্যান্ড সংলগ্ন তেল পাম্পের কাছ থেকে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে একটি শোকর‍্যালী বের হয়। শোক র‍্যালীটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা যুবদলের সভাপতি জাহিদুর রহমান জাহিদসহ জেলা বিএনপি ও তার অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা শোক র‍্যালীতে অংশ নেয়।

# ট্রাক-গাড়ির সংঘর্ষ দেখতে গিয়ে জাগুয়ারের চাপায় নিহত ৯

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের গুজরাটে ফ্লাইওভারের ওপর গাড়িচাপায় ৯ জন নিহত ও কমপক্ষে ১০ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে একজন পুলিশ কনস্টেবল ও হোম গার্ডের এক সদস্য রয়েছেন। সংবাদমাধ্যম এনডিটিভি জানিয়েছে, গতকাল বৃহস্পতিবার রাতে গুজরাটের আহমেদাবাদের ইস্কন ফ্লাইওভারে এ দুর্ঘটনা ঘটে। প্রতিবেদনে বলা হয়, ওই ফ্লাইওভারে প্রথমে একটি গাড়ি ও ট্রাকের মধ্যে সংঘর্ষ হয়। তখন পুলিশ সদস্যরা সেখানে ছুটে যান, কয়েকজন পথচারীও জড়ো হন। ঠিক তখনই বেপরোয়া গতিতে আসা একটি জাগুয়ার গাড়ি জড়ো হওয়া পথচারীদের চাপা দেয়। এতে ঘটনাস্থলেই পাঁচ জন নিহত হন। উদ্ধার করে হাসপাতালে নেয়ার পর মৃত্যু হয়েছে আরও চার জনের। বিষয়টি নিশ্চিত করে স্থানীয় এক পুলিশ কর্মকর্তা জানান, গতকাল বৃহস্পতিবার রাত ১টার দিকে ইস্কন ফ্লাইওভারে একটি গাড়ি ও ট্রাকের মধ্যে সংঘর্ষ হয়। দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ এবং একজন হোম গার্ড জওয়ান ট্রাফিক ও পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে যান। কৌতূহল থেকে কয়েকজন পথচারীও সেখানে জড়ো হন। এ সময় দ্রুত গতির একটি জাগুয়ার গাড়ি তাদের চাপা দেয়। এতে ঘটনাস্থলে পাঁচ জন মারা যান। চারজন চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। নিহতদের মধ্যে একজন কনস্টেবল এবং হোম গার্ড জওয়ান রয়েছেন। আহতদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে জানান তিনি। ফ্লাইওভারের নিচ থেকে ধারণা করা এক ভিডিওতে দেখা গেছে, দুর্ঘটনার পর ওই জাগুয়ার গাড়ির চালককে গণধোলাই দিচ্ছে উপস্থিত জনতা। এতে গুরুতর আহত হলে তাকেও হাসপাতালে ভর্তি করা হয়। পুলিশ জানিয়েছে, জাগুয়ার গাড়ির চালক মদ্যপ ছিলেন এমন আলামত পাওয়া যায়নি। চিকিৎসা শেষে সুস্থ হলে তাকে গ্রেপ্তার করা হবে।


## নিয়োগ বিজ্ঞপ্তি

সর্বশেষ সরকারি বিধি মোতাবেক গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ে শুন্যপদে (০১) একজন প্রধান শিক্ষক, (০১) একজন আয়া ও (০১) একজন নিরাপত্তাকর্মী নিয়োগ দেয়া হবে। প্রধান শিক্ষক পদে ২৫০০/= (দুই হাজার পাঁচ শত টাকা), আয়া ও নিরাপত্তাকর্মী পদে ১৫০০/= (এক হাজার পাঁচ শত টাকা) সোনালী ব্যাংক দামুড়হুদা শাখার অনুকূলে ব্যাংক ড্রাফট ও প্রয়োজনীয় কাগজপত্র সহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে সভাপতি বরাবর আবেদন করুন।

সভাপতি,
গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।


# শস্যচুক্তি ফেরাতে নতুন শর্ত দিলেন পুতিন



**আন্তর্জাতিক ডেস্ক :** দিন দু'য়েক আগে শর্ত পূরণ না হওয়ার অজুহাতে ইউক্রেনের সঙ্গে কৃষ্ণসাগর শস্যচুক্তি থেকে সরে গেছে রাশিয়া। তবে শর্ত পূরণ হলে রাশিয়া আবারও এ চুক্তিতে ফিরবে বলে জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এ সময় রুশ প্রেসিডেন্ট অভিযোগ করে বলেন, পশ্চিমাদের পক্ষ থেকেই এ চুক্তি বাতিল করা হয়েছে। বুধবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে আলজাজিরা। ২০২২ সালের জুলাই মাসে ইউক্রেনীয় শস্য রপ্তানি পুনরায় শুরু করার অনুমতি দেয়ার চুক্তি স্বাক্ষরিত হয়। ওই সময় একই সঙ্গে রাশিয়ার খাদ্য ও সার অবাধ রপ্তানিতে একটি সমান্তরাল সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছিল। পরবর্তীতে কয়েক দফা বাড়ানো হয় এর মেয়াদ। গত সোমবার এ চুক্তি থেকে বেরিয়ে আসে রাশিয়া। এতে বিপাকে পড়তে যাচ্ছে বিশ্বের কোটি কোটি ক্ষুধার্ত মানুষ। বিশ্বজুড়ে খাদ্য সংকট তৈরি হতে পারে বলে উদ্বেগ জানিয়েছে জাতিসংঘ। পুতিন জানান, শস্যচুক্তিতে ফিরতে পশ্চিমাদের পাঁচটি শর্ত মানতে হবে। আর এ শর্তগুলো হলো:

> রাশিয়ার কৃষি ব্যাংককে সোসাইটি ফর ওয়ার্ল্ডওয়াইড ইন্টারব্যাংক ফাইন্যান্সিয়াল টেলিকমুনিকেশনে (সুইফট) আবারও অন্তর্ভুক্ত করতে হবে। বিশ্বব্যাপী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে আর্থিক লেনদেন করতে এই নেটওয়ার্ক ব্যবহার করা হয়।

> রাশিয়া থেকে পুনরায় কৃষি যন্ত্রপাতি এবং খুচরা যন্ত্রাংশ রপ্তানি শুরু করতে হবে।

> রাশিয়ার টোগলিয়াত্তি থেকে ইউক্রেনের ওডেসা পর্যন্ত বর্তমানে ক্ষতিগ্রস্ত অ্যামোনিয়া রপ্তানি পাইপলাইন পুনঃস্থাপন করতে হবে।

> রুশ জাহাজের বীমা এবং বন্দরে প্রবেশের ওপর বিধিনিষেধ তুলে নিতে হববে।

> রুশ সার কোম্পানিগুলোর অ্যাকাউন্ট এবং আর্থিক কার্যক্রমের ওপর দেয়া নিষেধাজ্ঞা তুলে নিতে হবে। পুতিন বলেন, এসব শর্ত পূরণ করা হলে আমরা শর্তে ফিরব। এর আগে রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায়, কৃষ্ণসাগর দিয়ে ইউক্রেনমুখী সব জাহাজকে সামরিক পণ্যবাহী হিসেবে গণ্য করবে রাশিয়া। এদিকে, ইউক্রেনের শস্য স্থাপনা লক্ষ্যবস্তু করে চালানো রুশ সামরিক বাহিনীর হামলা কৃষ্ণসাগরে চলাচলরত বেসামরিক জাহাজ পর্যন্ত প্রসারিত হতে পারে বলে বুধবার সতর্ক করেছে হোয়াইট হাউস।

# পশ্চিম তীরে ইসরায়েলি বাহিনীর গুলিতে ফিলিস্তিনি নিহত

**আন্তর্জাতিক ডেস্ক :** অধিকৃত পশ্চিম তীরের নাবলুস শহরে ইসরায়েলি বাহিনীর গুলিতে একজন ফিলিস্তিনি নিহত হয়েছে। আহত হয়েছে আরও চারজন। এদের মধ্যে দুইজনের অবস্থা আশঙ্কাজনক। ফিলিস্তিনের স্বাস্থ্য-মন্ত্রণালয় এবং রেড ক্রিসেন্ট গতকাল বৃহস্পতিবার এ তথ্য জানিয়েছে। খবর আল জাজিরার। ফিলিস্তিনি স্বাস্থ্য-মন্ত্রণালয় বলেছে, গতকাল বৃহস্পতিবার ভোরের আগে একজনকে গুলি করে হত্যা করা হয়েছে। ফিলিস্তিনের যোদ্ধারা জানিয়েছে তারা ইসরায়েলি বাহিনী ও বসতির সঙ্গে নাবলুস এলাকায় তাদের মোকাবিলা করছিল। ফিলিস্তিন রেড ক্রিসেন্ট এ ঘটনাকে সংঘর্ষ হিসেবে উল্লেখ করেছে। তার ইসরায়েলি বাহিনীর গুলিতে চারজন আহতর কথা জানিয়েছে। ইসলামিক জিহাদ গ্রুপের সশস্ত্র শাখা আল-কুদস ব্রিগেডের নাবলুস ব্যাটালিয়ন জানিয়েছে, তাদের যোদ্ধারা দখলদার বাহিনী ও বসতির সঙ্গে লড়াই করছে। তবে এ সংঘর্ষ নিয়ে এখন পর্যন্ত কোনো মন্তব্য করেনি ইসরায়েলি বাহিনী। এর আগে চলতি মাসের শুরুর দিকে জেনিন শরণার্থী শিবিরে ব্যাপক অভিযান চালায় ইসরায়েল।




# ফিফা ওমেন্স ওয়ার্ল্ড কাপের কয়েক ঘণ্টা আগেই হামলা, নিহত ২

**আন্তর্জাতিক ডেস্ক :** ফিফা ওমেন্স ওয়ার্ল্ড কাপের কয়েক ঘণ্টা আগেই হামলার ঘটনা ঘটলো নিউজিল্যান্ডের অকল্যান্ডে। পুরো শহরেই উদ্বোধনী ম্যাচের প্রস্তুতি শুরু হয়ে গেছে। এরইমধ্যে বন্দুকধারীর গুলিতে দুইজন নিহত হয়েছে। হামলার ঘটনায় এক পুলিশ কর্মকর্তাসহ ৬ জন আহত হয়েছে। একটি কন্সট্রাকশন সাইটে স্থানীয় সময় সকাল ৭টা ২২ মিনিটে ওই হামলার ঘটনা ঘটে। হামলাকারী নিজেও ঘটনাস্থলে নিহত হয়েছেন বলে জানা গেছে। দেশটির প্রধানমন্ত্রী ক্রিস হিপকিন্স বলছেন, এই হামলা জাতীয় নিরাপত্তার জন্য হুমকি নয়। হামলার পেছনে রাজনৈতিক কোনো উদ্দেশ্য ছিল না এবং পরিকল্পনা অনুযায়ীই টুর্নামেন্ট শুরু হবে বলেও জানান তিনি। তিনি বলেন, নিউজিল্যান্ড এবং দর্শকদের নিরাপত্তা আমাদের প্রথম অগ্রাধিকার। তিনি জানিয়েছেন, কুইন স্ট্রিটের একটি কন্সট্রাকশন সাইটে ওই হামলার ঘটনা ঘটেছে। ওই বন্দুকধারী একটি পাম্প-অ্যাকশন শটগান দিয়ে হামলা চালান।নিউজিল্যান্ড পুলিশের সাহসী নারী ও পুরুষ সদস্য যারা খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই ঘটনাস্থলে পৌঁছে অন্যান্যের জীবন বাঁচিয়েছেন তাদের ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী ক্রিস হিপকিন্স। এই ধরণের পরিস্থিতি দ্রুত চলে যায় এবং যারা অন্যান্যের বাঁচাতে নিজেদের জীবন ঝুঁকির মধ্যে ফেলেন তাদের এই কাজ বীরত্বের চেয়ে কম কিছু নয় বলে উল্লেখ করেন তিনি।

# মহারাষ্ট্রে ভূমিধসে মৃত ১০, ধ্বংসস্তূপের নিচে আটকা অনেকে

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের মহারাষ্ট্রের রায়গড়ে একটি গ্রামে পাহাড় ধসে ১০ জনের মৃত্যু হয়েছে। এ দুর্ঘটনায় নিখোঁজ রয়েছেন অনেকে। এ ছাড়া ১৫-২০টি বাড়ি ধ্বংসস্তূপের নিচে চাপা পড়েছে বলে জানিয়েছে ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফোর্স (এনডিআরএফ)। এনডিআরএফের বরাত দিয়ে সংবাদমাধ্যম ইন্ডিয়ান এক্সপ্রেস জানিয়েছে, মহারাষ্ট্রের রায়গড় জেলায় গত বুধবার গভীর রাতে ভূমিধসের পর ২০-৩০টিরও বেশি পরিবার আটকে পড়ার আশঙ্কা করা হচ্ছে। আদিবাসী অধ্যুষিত গ্রামটিতে প্রায় ৪৬টি বাড়ি রয়েছে। স্থানীয় প্রশাসনিক কর্মকর্তারা বলছেন, এই দুর্ঘটনায় মাত্র দু-চারটি বাড়ি রক্ষা পেয়েছে। রায়গড়ের জেলা প্রশাসক যোগেশ মহেশ জানিয়েছেন, ঘটনাটি ঘটেছে মধ্যরাতে। যে গ্রামে দুর্ঘটনাটি ঘটেছে সেখানে পৌঁছাতে দুই ঘণ্টার বেশি সময় লেগেছে উদ্ধারকারী দলের সদস্যদের।

# চীনের 'নিখোঁজ' পররাষ্ট্রমন্ত্রীকে নিয়ে বাড়ছে নানা জল্পনা-কল্পনা

**আন্তর্জাতিক ডেস্ক :** ৫৭ বছর বয়সী চীনা পররাষ্ট্রমন্ত্রী চিন গ্যাংকে গত ২৩ দিন ধরে জনসমক্ষে দেখা যাচ্ছে না। তার সর্বশেষ আনুষ্ঠানিক কর্মসূচি ছিল গত ২৫ জুন। তাকে দীর্ঘদিন জনসমক্ষে দেখা না যাওয়া নিয়ে অনলাইনে নানা ধরনের জল্পনা-কল্পনা দেখা যাচ্ছে, যা আবারও চীনের সিক্রেসি বা গোপনীয়তাকে সামনে নিয়ে আসছে। গত ডিসেম্বরে মন্ত্রী মনোনীত হওয়ার সময় তাকে চীনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের ঘনিষ্ঠ সহযোগী হিসেবে মনে করা হচ্ছিল। চীনা সরকারের সবচেয়ে পরিচিত মুখগুলোর একজন হিসেবে চিন গ্যাংয়ের দীর্ঘ অনুপস্থিতির ওপর শুধু কূটনীতিক বা চীনা পর্যবেক্ষকরাই দৃষ্টি রাখছেন না, বরং সাধারণ চীনা জনগণেরও দৃষ্টি আছে। সোমবার তার অবস্থান সম্পর্কে জানতে চাইলে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মাও নিং জানান যে এ সম্পর্কে তার কাছে দেওয়ার মতো কোনো তথ্য নেই। চীনের অস্বচ্ছ সিস্টেমের মধ্যে এ ধরনের হাই-প্রোফাইল একজন কর্মকর্তার এমন অন্তর্ধান একটি জটিলতার লক্ষণ হতে পারে। একই সঙ্গে মাওয়ের জবাব এ বিষয়ে জল্পনা আরো বাড়িয়ে দিয়েছে এবং এ বিষয়ে গভীর সন্দেহ তৈরি



করেছে। চীন সামাজিক মাধ্যম উয়েবোতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্রের ভিডিও ক্লিপে একজন বলেছেন, 'তিনি কি জানেন না যে কিভাবে জবাব দিতে হয়।' 'এই জবাব সম্পূর্ণ উদ্বেগজনক।' লিখেছেন আরেকজন। চীনে উচ্চ পর্যায়ের ব্যক্তিদের এমন হুটহাট নিখোঁজ হয়ে যাওয়া নতুন কিছু নয়। অনেক সময় পরে দেখা যায়, তারা অপরাধ তদন্তের আওতায় রয়েছেন। আবার অনেক সময় তারা অন্তর্ধানে যান ও পরে ফিরে আসেন জনসমক্ষে। কিন্তু দৃশ্যপটের বাইরে থাকার কারণ সম্পর্কে তারা কিছু বলেন না। শি জিনপিং নিজেও ২০১২ সালে চীনের নেতা হওয়ার আগে প্রায় দুই সপ্তাহ জনসমক্ষে আসেননি। তখন তার স্বাস্থ্য এবং চীনা কমিউনিস্ট পার্টির মধ্যে ক্ষমতার দ্বন্দ্বের বিষয় আলোচনায় এসেছিল। তবে পার্টির উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে চিন একজন যিনি দীর্ঘ সময় ধরে অনুপস্থিত। গত সপ্তাহে পররাষ্ট্র মন্ত্রণালয় ঘোষণা দেয় যে তিনি স্বাস্থ্যগত কারণে ইন্দোনেশিয়ায় কূটনীতিকদের একটি অনুষ্ঠানে যোগ দিতে পারবেন না। কিন্তু পরে মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে এ লাইনটুকু সরিয়ে ফেলা হয়।

# পাকিস্তানের ৮ হাজার মিটার উচ্চতার সব পর্বত আরোহনের রেকর্ড নায়লার

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানে অবস্থিত বিশ্বের ১২তম শীর্ষ চূড়ায় আরোহনের মাধ্যমে রেকর্ড গড়লেন দেশটির বিখ্যাত পর্বতারোহী নায়লা কিয়ানি। গতকাল বৃহস্পতিবার ৮ হাজার ৪৭ মিটার উচ্চতার পর্বতটির চূড়ায় পৌঁছাতে সক্ষম হন তিনি। ফলে পাকিস্তানে ৮ হাজার মিটার উচ্চতার যতগুলো পর্বত রয়েছে সবগুলোতে আরোহনের রেকর্ড এখন নায়লা কিয়ানি। আল্পাইন ক্লাব অব পাকিস্তানের সাধারণ সম্পাদক কারার হায়দ্রি বলেন, নায়লা গতকাল বৃহস্পতিবার দুপুর ২টার দিকে পাকিস্তানের পঞ্চম শীর্ষ চূড়ায় সফলভাবে আরোহন করেন। তিনি বলেন, পাকিস্তানের প্রথম নারী হিসেবে দেশের আট হাজার মিটারের যে পাঁচটি চূড়া রয়েছে তার সবগুলোতে আরোহন করার রেকর্ড এখন তার। এনিয়ে বিশ্বের মোট ৮টি আট হাজার মিটার উচ্চতার চূড়ায় উঠলেন নায়লা কিয়ানি। এর আগে তিনি লিজেন্ডরি এভারেস্ট, ডিফিকাল্ট কে২, কমান্ডিং লোটসে, পেরিলাস অন্নপূর্ণা, ইলুসিভ জি১ ও জি২ ও নাঙ্গা পর্বতে আরোহন করার মর্যাদা লাভ করেন।

## বিনোদন



# আবারও আলোচনায় নবনীতা

**বিনোদন ডেস্ক :** স্বামী জিতু কামালের সঙ্গে বিচ্ছেদের পর বড় পর্দায় কাজ নিয়ে ফের আলোচনায় এলেন অভিনেত্রী নবনীতা দাস। এই নিয়ে আলোচনা-সমালোচনার শেষ নেই ভারতীয় গণমাধ্যমে। বর্তমানে অভিনেতা জিতু কামাল বিদেশে আছেন নতুন সিনেমার শুটিংয়ের জন্য। অভিনেত্রী নবনীতা ব্যস্ত এখন নতুন সিরিয়াল 'বিয়ের ফুল'-এর শুটিং নিয়ে। নবনীতার নাকি আর ছোট পর্দায় অভিনয় করতে ভালো লাগছে না-এমনটাই গুঞ্জন। সম্প্রতি প্রযোজক রানা সরকারের সঙ্গে নবনীতার একটি ছবি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে পোস্ট করার পর থেকেই এই জল্পনার শুরু হয়। আলোচনা হচ্ছে এবার নাকি বড় পর্দায় হাতেখড়ি হতে চলেছে অভিনেত্রী নবনীতা দাসের। কিন্তু নবনীতা এই বিষয়ে কোনো মুখ খোলেননি। এ প্রসঙ্গে প্রযোজক রানা ভারতীয় একটি সংবাদমাধ্যমকে জানিয়েছেন, তিনি নায়িকাকে নিয়ে ছবি তৈরির পরিকল্পনা করছেন। 'মহাপীঠ তারাপীঠ' সিরিয়ালে নবনীতা অভিনীত মা তারা চরিত্রটি নিয়ে রীতিমতো আলোচনা হয়েছিল। আবারও এমনই কোনো চরিত্রের জন্য তাঁকে ভাবছেন প্রযোজক। রানা বললেন, 'হ্যাঁ, নবনীতার সঙ্গে প্রাথমিক কথাবার্তা হয়েছে। এই মুহূর্তে সিরিয়াল করছে। তাই সেইভাবে সময়টা ভাগ করে নিতে হবে। ওর (নবনীতা) অভিনীত মা তারার চরিত্রটি বেশ জনপ্রিয় হয়েছিল। তেমনটাই কিছু করার ইচ্ছে আছে। নবনীতাও বলেছে, যদি বড় পর্দায় ভালো চরিত্রে অভিনয় করার সুযোগ পায়, তাহলে ছোট পর্দায় কাজ করা কমিয়ে দেবে। পরিচালনার দায়িত্বে থাকবে নতুন একটি ছেলে। যার নামটা এখনই বলছি না।'

# ছেলেকে নিয়ে বাসায় ফিরলেন পরী মণি

**বিনোদন প্রতিবেদক :** বেশ কয়েকদিন ধরে অসুস্থ ছিলেন ঢাকাই সিনেমার চিত্রনায়িকা পরী মণি ও চিত্রনায়ক শরিফুল রাজের ছেলে শাহীম মুহাম্মদ রাজ্য। আর এ কারণে রাজ্যকে নিয়ে হাসপাতালে ছুটতে হয়েছে পরী মণির। দেশের বাইরে থাকায় অসুস্থ ছেলের পাশে দেখা যায়নি রাজকে। এজন্য নেটিজেনদের তোপের মুখেও পড়েছিলেন তিনি। আবার অনেকে রাজকে বিভিন্নভাবে তিরস্কার করেন। এ নিয়ে অবশ্য সামাজিক মাধ্যমে সমবেদনার বার্তা জানিয়েছেন রাজও। কিন্তু সেই বার্তা আমলে নেয়নি ভক্ত-অনুরাগীরা। এবার সেই ভক্তদের সুসংবাদ দিলেন পরী মণি। বুধবার (১৯ জুলাই) রাত ১১টার দিকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে একটি স্ট্যাটাস দিয়ে পরী মণি লিখলেন, 'আমার পদ্মফুল সুস্থ হয়ে বাসায় ফিরেছে। আলহামদুলিল্লাহ।' সবাইকে ধন্যবাদ জানিয়ে পরী লেখেন, 'আপনারা সবাই আমার পদ্মকে কত ভালোবাসেন! ও বড় হলে আমি সবার কথা বলব একদিন।' ২০২১ সালের ১৭ অক্টোবর বিয়ে করেন অভিনেতা শরিফুল রাজ ও চিত্রনায়িকা পরীমণি। এরপর ২০২২ সালের ১০ আগস্ট জন্ম নেয়

# পুত্র হারানোর কঠিন সময়ের বর্ণনা দিলেন সেলিনা

**বিনোদন ডেস্ক :** প্রাক্তন মিস ইন্ডিয়া, বলিউড অভিনেত্রী সেলিনা জেটলি। ২০১৭ সালে দ্বিতীয়বার যমজ পুত্রসন্তানের জন্ম দেন তিনি। কিন্তু হার্টের সমস্যাজনিত কারণে পুত্র শমসেরকে বাঁচাতে পারেননি। তারপর কেটে গেছে কয়ক বছর। সন্তান হারানোর বেদনামাখা দিনগুলো নিয়ে মুখ খুলেছেন এই অভিনেত্রী। বুধবার ইনস্টাগ্রামে কয়েকটি ছবি পোস্ট করেন সেলিনা জেটলি। একটি ছবিতে পুত্র শমসেরকে বুকে জড়িয়ে ধরে আছেন তিনি। আর এসব ছবির ক্যাপশনে নানা অভিজ্ঞতার কথা বর্ণনা করেছেন এই অভিনেত্রী। লেখার শুরুতে সেলিনা জেটলি বলেন- 'জীবনের এই পর্বের সঙ্গে মানিয়ে নিতে আমার পাঁচ বছর লেগেছে। অবশেষে সেই সময়ের কথা বলার মতো সাহস জোগাড় করতে পেরেছি আমি আর পিটার। আমাদের সন্তানের প্রিটার্মে জন্ম এবং একজনকে হারানোর আঘাত মোকাবিলা করা সহজ ছিল না। তবে আমরা চাই আমাদের মতো মা-বাবারা জানুক তাদের সঙ্গেও এমনটা হতে পারে। ব্যক্তিগত অভিজ্ঞতায় আমরা দুজনেই নিশ্চিত করতে পারি যে, প্রিম্যাচিউর বেবি বিশ্বাস এবং প্রার্থনার শক্তি এবং মানুষের লড়াই করার ক্ষমতা শিখিয়ে যায়। মনে রাখবেন, বেশিরভাগ প্রিম্যাচিউর বেবি বেঁচে যায় এবং সম্পূর্ণ স্বাভাবিক, সুস্থ জীবনযাপন করে।' প্রিম্যাচিউর সন্তান জন্ম দেওয়ার কারণ ব্যাখ্যা করে সেলিনা জেটলি বলেন, 'গর্ভাবস্থার ৩৭ সপ্তাহ পূর্ণ হওয়ার আগে জীবিত জন্ম নেওয়া শিশুকে প্রিটার্ম বলে সংজ্ঞায়িত করা হয়। আমাদের দ্বিতীয় যমজ গর্ভাবস্থা ছিল তেতোমিষ্টি। কারণ বেবি শমশেরের হার্ট দূর্বল ছিল (আমার বাবা হঠাৎ মারা যান। যার কারণে আমাকে ৩২ সপ্তাহ চলাকালে সন্তানের জন্ম হয়)। পিটার এবং আমার জন্য এটি খুব কঠিন সময় ছিল। কিন্তু লক্ষাধিকবার কাঁদার পর এই ছবিতে আমরা হাসলাম। আমরা



আর্থারের স্মৃতি ধরে রাখতে হাসলাম। যে জন্মের পর ৩ মাস এনআইসিইউতে ছিল।' এনআইসিইউ-এর অভিজ্ঞতা জানিয়ে সেলিনা জেটলি বলেন, 'এটি একটি অদ্ভুত এবং কঠিন পরিবেশ। আমাদের অভিজ্ঞতা থেকে বলছি, জীবনে ভালো-খারাপ উভয় দিনই থাকবে। তা মেনে নিয়েই আপনাকে চ্যালেঞ্জিং দিনগুলোর জন্য মনকে প্রস্তুত রাখতে হবে। সবার জন্য এই অপশন নাও থাকতে পারে। তবে আমি আর পিটার শামসেরকে হারানোর পর কয়েক মাসের জন্য দুবাইয়ের সেই হাসপাতালে চলে যাই, যেখানে আর্থার ছিল। হতাশা, তীব্র দুঃখ, চিন্তা, অপরাধবোধ, ক্রোধ, ভালোবাসার অনুভূতিসহ নানা আবেগ সেই সময় আমাদের মনে ঘোরাফেরা করত। দিনগুলো খুব কঠিন ছিল।' ২০১১ সালে হোটেল ব্যবসায়ী পিটার হাগকে বিয়ে করেন তিনি।

# এক টেবিলে নিশো-রাফিদের সঙ্গে জয়া-সৃজিত-মীর

**বিনোদন প্রতিবেদক :** এবারের ঈদে বাংলাদেশের মাত্র ২৭টি প্রেক্ষাগৃহে মুক্তি পায় সিনেমা 'সুড়ঙ্গ'। সেই ছবিটিই এবারের ভারতের পশ্চিমবঙ্গেও মুক্তি পাচ্ছে। সিনেমার প্রচারণায় অংশ নিতে বুধবার কলকাতায় উড়াল দিয়েছেন নির্মাতা রায়হান রাফি, অভিনেতা আরফান নিশো ও তমা। জানা গেছে, আগামী ২৪ জুলাই প্রচারণা শেষে দেশে ফিরবেন তারা। সেখানে গিয়ে একধিক ছবি শেয়ার করেছন তারা। সেই ছবিতে



এক টেবিলে নিশো-রাফিদের সঙ্গে দেখা গেছে জয়া আহসান, নির্মাতা সৃজিত মুখার্জী ও মিরাক্কেলের মীরকেও। বেশ হাস্যোজ্জ্বল মুহূর্তের এই ছবিটি সামাজিক মাধ্যমেও ছড়িয়ে পড়েছে। মনে করা হচ্ছে, শ্রী ভেঙ্কটেশ ফিল্ম (এসভিএফ) এর কার্যালয়ে এই ছবিটি তোলা হয়েছে। সিনেমা পরিবেশক ও প্রযোজনা সংস্থা শ্রী ভেঙ্কটেশ ফিল্ম (এসভিএফ) জানায়, চলতি মাসের ২১ তারিখে মুক্তি পাবে সুড়ঙ্গ। পশ্চিমবঙ্গের ২৯ টি প্রেক্ষাগৃহে একযোগে প্রদর্শিত হবে সিনেমাটি। আফরান নিশো বলেন, 'বাংলাদেশে 'সুড়ঙ্গ' সিনেমাটি দর্শকরা গ্রহণ করেছেন। এবার কলকতার দর্শক সিনেমাটি দেখবেন। বাংলাদেশের দর্শকদের কাছ থেকে সিনেমাটির অভাবনীয় সাড়া পাবার পরও এর হলসংখ্যা বাড়ানো হয়নি। সে হিসাবে বাংলাদেশের চেয়েও সিনোমাটি বেশি হল পেয়েছে পশ্চিমবঙ্গে। দেশের মতো পশ্চিমবঙ্গে দর্শকের সঙ্গে আনন্দভাগাভাগি করবো। আফরান নিশো ও তমা মির্জা ছাড়াও সুড়ঙ্গ সিনেমায় আরও অভিনয় করেছেন শহীদুজ্জামান সেলিম, মনির আহমেদ শাকিল, অশোক বেপারি প্রমুখ। সিনেমার একটি আইটেম গানে নেচেছেন নুসরাত ফারিয়া। প্রযোজনা করেছে আলফা আই এবং ওটিটি প্ল্যাটফর্ম চরকি।

# মা হলেন ইশিতা

**বিনোদন ডেস্ক :** মা হলেন 'দৃশ্যম'খ্যাত অভিনেত্রী ইশিতা দত্ত। বুধবার পুত্রসন্তানের জন্ম দিয়েছেন তিনি। ভাটসাল শেঠ ও ইশিতা দম্পতির এটি প্রথম সন্তান। একটি সূত্র টাইমস অব ইন্ডিয়াকে বলেন, 'মা-ছেলে দু'জনেই সুস্থ আছেন। নতুন অতিথির আগমনে দুই পরিবারের সদস্যরা আনন্দে ভাসছেন। আজ শুক্রবার হাসপাতাল থেকে ছাড়পত্র পাবেন ইশিতা।' সংবাদমাধ্যমটির পক্ষ থেকে ইশিতা-ভাটসালের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও তাদের পাননি বলে এ প্রতিবেদনে জানানো হয়েছে। এর আগে টাইমস অব ইন্ডিয়াকে ভাটসাল শেঠ বলেছিলেন- 'আমাদের বিবাহিত জীবনের ৫ বছর পার হয়ে গেছে। কিন্তু এতদিন বাচ্চা নেওয়ার সিদ্ধান্ত নিইনি। কারণ আমরা আমাদের ক্যারিয়া গুছিয়েছি। আমাদের জীবনে বিয়ে যেমন একটি মাইলস্টোন, সন্তানও তাই। সন্তানের আগমন আমাদের জীবনে নতুন অধ্যায়ের সূচনা করবে।' টিভি সিরিজে অভিনয় করতে গিয়ে অভিনেতা ভাটসাল শেঠের সঙ্গে প্রথম পরিচয় হয় ইশিতার। ২০১৭ সালে সাতপাকে বাঁধা পড়েন তারা। ২০২৩ সালকে একসঙ্গে উদযাপন করেন এই দম্পতি। তাদের বহুদিনের স্বপ্ন ছিল মুম্বাইয়ে নিজেদের একটি বাড়ি কেনার। চলতি বছরে সেই স্বপ্নপূরণের কথাও জানান ইশিতা দত্ত। মালায়ালাম ভাষার বহুল আলোচিত সিনেমা সিরিজ 'দৃশ্যম'। ২০১৫ সালে বলিউড পরিচালক নিশিকান্ত কামার 'দৃশ্যম' হিন্দি ভাষায় রিমেক করেন। হিন্দি ভাষার রিমেকে অজয় দেবগনের বড় মেয়ের চরিত্রে অভিনয় করেন ইশিতা। এ সিরিজের দ্বিতীয় পার্টেও একই চরিত্রে অভিনয় করেন এই অভিনেত্রী।

